# বাউবি পরিক্রমা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

প্রকাশকাল: কার্তিক ১৪২০-চৈত্র ১৪২০, অক্টোবর ২০১৩-মার্চ ২০১৪







# বাউবি পরিক্রমা


বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

প্রকাশকাল: কার্তিক ১৪২০-চৈত্র ১৪২০, অক্টোবর ২০১৩-মার্চ ২০১৪


## বাউবি'তে শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ মুক্তিযুদ্ধের স্মারক ভাস্কর্য 'স্বাধীনতা চিরন্তন' উদ্বোধন

এ সংখ্যায় যা থাকছে


- মুক্তিযুদ্ধের স্মারক ভাস্কর্য উদ্বোধন
- এসএসসি পরীক্ষার ফল প্রকাশ
- সেনাবাহিনী-বাউবি শিক্ষা সমঝোতা চুক্তি
- বিএসসি (অনার্স) কম্পিউটার সায়েন্স চালু
- নবনিযুক্ত ট্রেজারার-এর যোগদান
- সাবেক দুই উপাচার্যের ইন্তেকাল
- বিদেশে সেমিনার, সিম্পোজিয়াম
- বিভিন্ন জাতীয় দিবস উদ্‌যাপিত
- বিভিন্ন পরীক্ষার ফল প্রকাশ
- নিয়োগ ও আপগ্রেডেশন
- একাডেমিক সংবাদ
- উন্নয়ন প্রকল্প সংবাদ
- প্রশিক্ষণ সংবাদ
- মত বিনিময় ও কৌশল প্রণয়ন সভা
- উন্নয়ন কার্যক্রম
- পরিদর্শন
- আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্র সংবাদ
- মিডিয়া সংবাদ
- বিনোদন সংবাদ
- বিবিধ সংবাদ
- জাতীয় দৈনিকে বাউবি




*মুক্তিযুদ্ধের স্মারক ভাস্কর্য উদ্বোধনী অনুষ্ঠানে মঞ্চে উপবিষ্ট বাম থেকে গাজীপুরের বীর মুক্তিযোদ্ধা কাজী মোজাম্মেল হক; বাউবি উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান; প্রধান অতিথি শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ, এমপি; জাহিদ আহসান রাসেল, এমপি; ও মেজর জেনারেল (অব:) হেলাল মোর্শেদ খান, বীর বিক্রম।*



*'স্বাধীনতা চিরন্তন' স্মারক ভাস্কর্যের ফলক উন্মোচন করছেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ, এমপি পাশে উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান ও আমন্ত্রিত অতিথিগণ।*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ মুক্তিযুদ্ধের গৌরবদীপ্ত চেতনাকে সমুন্নত রাখার লক্ষ্যে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় গাজীপুর ক্যাম্পাসে ২৩ মার্চ, ২০১৪ রবিবার বিকেল ৩.০০ টায় মহান মুক্তিযুদ্ধের স্মারক ভাস্কর্য 'স্বাধীনতা চিরন্তন' উদ্বোধন করেন। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান এর সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেন মুক্তিযুদ্ধ বাঙালির জীবনে সর্বশ্রেষ্ঠ ঘটনা। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর আহবানে একাত্তরে বাঙালি মুক্তি সংগ্রামে ঝাঁপিয়ে পড়েছিল। ৩০ লক্ষ শহীদের আত্মদান ও অসংখ্য স্বজন হারানো মানুষের ত্যাগের বিনিময়ে মহান স্বাধীনতা অর্জিত হয়। উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে স্বাধীনতার গৌরবদীপ্ত ইতিহাসকে সমুন্নত করার জন্য যে ভাস্কর্য করা হয়েছে,তা গাজীপুর জেলা মুক্তিযুদ্ধের গৌরবকে মহিমান্বিত করবে। প্রখ্যাত ভাস্কর্য শিল্পী প্রয়াত প্রফেসর আবদুর রাজ্জাক এর নকশা অবলম্বনে খ্যাতনামা শিল্পী হামিদুজ্জামান খান এ ভাস্কর্যটি নির্মাণ করেন। ৪৫ ফুট উচ্চতা ৮ ফুট ব্যাস, প্রস্থ ১৮ ফুটে আর সি সি সাদা সিমেন্ট রং এর তৈরী ভাস্কর্যটির বেদী ৪০ ফুট। ভূমি থেকে ক্রমান্বয়ে কৌণিক হয়ে শীর্ষে ৩ দিকে উড়ন্ত বলাকা ভাস্কর্যটিতে গতিময়তা এনেছে। ভাস্কর্যটির বিভিন্ন অংশে রয়েছে মুক্তিযুদ্ধের ঘটনা প্রবাহের ম্যুরাল। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ, পেছনের অংশে ঢাকার রায়ের বাজারের '৭১ এর বধ্যভূমি, দক্ষিণ পার্শ্বে যৌথ বাহিনীর জেনারেল অরোরার কাছে পাক হানাদার বাহিনীর আত্মসমর্পণের দৃশ্য এবং উত্তরে জাতীয় চার নেতা সৈয়দ নজরুল ইসলাম, তাজউদ্দীন আহমেদ, ক্যাপ্টেন মনসুর আলী ও মোঃ কামরুজ্জামান এর স্কেচমন্ডিত ম্যুরাল।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন, মোঃ জাহিদ আহ্‌সান রাসেল, সংসদ সদস্য, গাজীপুর-২। গেস্ট অব অনার ছিলেন, বীর মুক্তিযোদ্ধা মেজর জেনারেল (অব:) হেলাল মোর্শেদ খান, পিএসসি, বীর বিক্রম, সাবেক চেয়ারম্যান, সেন্ট্রাল কম্যান্ড কাউন্সিল, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ ও গাজীপুর জেলার বীর মুক্তিযোদ্ধা কাজী মোজাম্মেল হক।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন, প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন এবং ধন্যবাদ জ্ঞাপন করেন ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের। অনুষ্ঠানটি পরিচালনা করেন রেজিস্ট্রার অধ্যাপক ড. আবুল হোসেন আহমেদ ভূঁইয়া ও পরিচালক (তথ্য ও গণসংযোগ) ড. এম. ফজলে আলী

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়-এর সকল ডিন, অধ্যাপক, রেজিস্ট্রার, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

**চুক্তি স্বাক্ষর সংবাদ**

## সেনাবাহিনী-বাউবি শিক্ষা সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষর

বাংলাদেশ সেনাবাহিনীর রিক্রুট/প্রশিক্ষণার্থী সৈনিকদের জন্য এইচ এস সি শিক্ষা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে গত ১৭ নভেম্বর, ২০১৩, রোববার ঢাকা সেনানিবাসের অফিসার্স মেস-সি তে এক অনাড়ম্বর অনুষ্ঠানে বাংলাদেশ সেনাবাহিনীর সাথে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এক সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষর হয়। বাংলাদেশ সেনাবাহিনীর পক্ষে ব্রিগেডিয়ার জেনারেল এ এস এম মুশফিকুর রহমান, পরিচালক, শিক্ষা পরিদপ্তর ও বাউবি'র পক্ষে, প্রো-উপাচার্য ও ট্রেজারার (অতিরিক্ত দায়িত্ব) প্রফেসর ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন এ চুক্তিপত্রে স্বাক্ষর করেন। সমঝোতা স্মারক চুক্তির আলোকে দেশের বিভিন্ন স্থানে অবস্থিত ১০টি সেনা রিক্রুট সেন্টারে ২০১৪ সালে ১০ টি ও পরবর্তী বছরে আরও ৫ টি স্টাডি সেন্টার চালু করা হবে। রিক্রুট প্রশিক্ষণার্থী সৈনিকগণ দুই বছর প্রশিক্ষণকালীন এইচএসসি সার্টিফিকেট লাভ করবেন। এ প্রোগ্রামটির মাধ্যমে বাংলাদেশ সেনাবাহিনীর সৈনিকদের উচ্চশিক্ষা গ্রহণ করে একুশ শতকের চ্যালেঞ্জ মোকাবেলায় নিজেদের গড়ে তোলা সম্ভব হবে। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে সেনাবাহিনীর পদস্থ কর্মকর্তা মেজর জেনারেল আবুল কালাম মোঃ হুমায়ুন কবির, জিওসি, আর্মি ট্রেনিং এন্ড ডকট্রিন কমান্ড, কর্ণেল এহতেশাম-উস-সামাদ চৌধুরী এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান, ওপেন স্কুলের ডিন অধ্যাপক ড. সাদিয়া আফরোজ সুলতানা, ওপেন স্কুলের শিক্ষকবৃন্দ সহ বিশ্ববিদ্যালয়ের ডিন ও পরিচালকবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়ের ওপেন স্কুলের তত্ত্বাবধানে এ শিক্ষা প্রোগ্রামটি পরিচালিত হচ্ছে।

## সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রীর বাউবি'র এসএসসি পরীক্ষার ফল প্রকাশ

### *পাশের হার ৭২ দশমিক ৯৭ শতাংশ*
### *জিপিএ ৫ পেয়েছে ২৭ জন*



*শিক্ষা মন্ত্রণালয়ের কনফারেন্স হলে বাউবি'র এস এস সি প্রোগ্রামের ফল ঘোষণা করছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এম পি। পাশে উপবিষ্ট উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান, প্রো-উপাচার্য প্রফেসর ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন, ট্রেজারার প্রফেসর ড. মোঃ আবু তাহের, ওপেন স্কুল-ডিন প্রফেসর ড. সাদিয়া আফরোজ সুলতানা ও শিক্ষামন্ত্রণালয়ের উর্দ্ধতন কর্মকর্তাগণ।*

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ২০১২ সালের এসএসসি পরীক্ষার ফল প্রকাশ হয়েছে। পাশের হার ৭২ দশমিক ৯৭ শতাংশ। জিপিএ ৫ পেয়েছে ২৭ জন শিক্ষার্থী। ২০১১ সালে এই পরীক্ষায় পাশের হার ছিল ৫৮ দশমিক ৫০ শতাংশ।

২৭ মার্চ, ২০১৪ বৃহস্পতিবার শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ মন্ত্রণালয়ের সভা কক্ষে এক সংবাদ সম্মেলনে ফলাফলের বিভিন্ন দিক তুলে ধরেন। এ সময় শিক্ষা সচিব ড. মোহাম্মদ সাদিক, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান, প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ আবু তাহের, ওপেন স্কুল-ডিন অধ্যাপক ড. সাদিয়া আফরোজ সুলতানা ও মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। শিক্ষামন্ত্রী জানান উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ২০১২ সালের এসএসসি পরীক্ষার প্রথম ও দ্বিতীয় বর্ষে ১ লাখ ৫৩ হাজার ১০৯ জন শিক্ষার্থী অংশ নেয়। এর মধ্যে ৬১ হাজার ৩৫৪ জন চূড়ান্ত পরীক্ষায় অংশ নিয়ে ৪৪ হাজার ৭৭৩ জন পাশ করে। উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে ৬৯ দশমিক ৩৬ শতাংশ ছাত্র ও ৭৮ দশমিক ২০ শতাংশ ছাত্রী। উত্তীর্ণদের ৩ হাজার ৫৬১ জন জিপিএ ৪ ও ১০ হাজার ১৪৭ জন জিপিএ ৩.৫ পেয়েছে।

শিক্ষামন্ত্রী বলেন উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে বর্তমানে ৩২টি প্রোগ্রামে ৫ লাখ ৭০ হাজার ২০১ জন শিক্ষার্থী পড়াশোনা করছেন। আগামী পাঁচ বছরে এই সংখ্যা ১০ লাখে উন্নীত করা হবে। শিক্ষা বঞ্চিত সব বয়স, পেশা, সামাজিক অবস্থানের মানুষকে এ বিশ্ব-বিদ্যালয়ের মাধ্যমে শিক্ষার সুযোগ নিশ্চিত করা হবে। তিনি বলেন, শিক্ষা বঞ্চিত জনগোষ্ঠীর জন্য শিক্ষার সুযোগ সৃষ্টি করা বাউবির উদ্দেশ্য। সমাজে ঝরে পড়া, কোনো পেশায় কর্মরত অধিক বয়স্কসহ পিছিয়ে পড়া শিক্ষার্থীরাই এখানে অধ্যয়ন ও পরীক্ষায় অংশগ্রহণ করে থাকে। তারা সাধারণত সাপ্তাহিক ছুটির দিনে স্টাডি সেন্টারে বা নানা প্রযুক্তির মাধ্যমে পাঠ গ্রহণ করে।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমের বর্তমান চিত্র তুলে ধরে সংবাদ সম্মেলনে জানানো হয় যে, বিশ্ববিদ্যালয়ের ১২টি আঞ্চলিক কেন্দ্র ও ১ হাজার ৩৮১টি স্টাডি সেন্টারে বাউবি'র ১৫০ জন অধ্যাপকসহ ২২ হাজার শিক্ষক পাঠদান করেন। শ্রেণী পাঠদান ছাড়াও বিভিন্ন প্রযুক্তি ব্যবহার করে শিক্ষার্থীদের কাছে পাঠ পৌঁছে দেয়া হয়।

সাংবাদিক সম্মেলনে আরও বলা হয় বাউবি বাংলাদেশ সেনাবাহিনীর জন্য এইচএসসি প্রোগ্রাম চালু করেছে। এছাড়া নৌবাহিনী ও বিমানবাহিনীর নতুন সৈনিকদের জন্য এইচএসসি প্রোগ্রাম চালু করতে যাচ্ছে। তা ছাড়া উপকূলীয় অঞ্চল, ক্ষুদ্র-নৃগোষ্ঠী, ঝরে পড়া এবং সুযোগবঞ্চিত গার্মেন্টসকর্মীদের জন্য নতুন কোর্স চালু করা হচ্ছে।



*সেনাবাহিনী-বাউবি শিক্ষা সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে স্মারকপত্রে স্বাক্ষর করছেন প্রো-উপাচার্য ও ট্রেজারার (অতিঃ দায়িত্ব) অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন ও ব্রিগেডিয়ার জেনারেল এ এস এম মুশফিকুর রহমান, পরিচালক শিক্ষা পরিদপ্তর বাংলাদেশ সেনাবাহিনী। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ছবিতে পেছনে দাঁড়ানো বাউবি'র উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান, ওপেন স্কুলের ডিন অধ্যাপক ড. সাদিয়া আফরোজ সুলতানা ও বাংলাদেশ সেনাবাহিনীর মেজর জেনারেল আবুল কালাম মোঃ হুমায়ুন কবির, জিওসি, আর্মি ট্রেনিং এন্ড ডকট্রিন কমান্ড ও কর্ণেল এহতেশাম-উস-সামাদ চৌধুরী।*

বাউবি-ডুয়েট সমঝোতা চুক্তি স্বাক্ষর

## বিএসসি (অনার্স) ইন কম্পিউটার সায়েন্স প্রোগ্রাম চালু




*বাউবি উপাচার্যের অফিস কক্ষে ২৫ নভেম্বর ২০১৩ তারিখে বাউবি ও ডুয়েট এর মধ্যে সমঝোতা চুক্তি স্বাক্ষর পত্রে বাউবি'র পক্ষে প্রো-উপাচার্য ও ট্রেজারার (অতিঃ দায়িত্ব) অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন ও ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর পক্ষে বিভাগীয় প্রধান সিএসই বিভাগ অধ্যাপক ড. নাসিম আখতার চুক্তি স্বাক্ষর করেন। ছবিতে পেছনে দাঁড়ানো চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান ও স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজির ডিন অধ্যাপক ড. কে এম রেজানুর রহমান সহ স্কুলের অন্যান্য শিক্ষকগণ।*

তথ্য প্রযুক্তি শিক্ষা সুবিধা বৃদ্ধির লক্ষ্যে বাউবি'র স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজি (এসএসটি) হতে বিএসসি (অনার্স) ইন কম্পিউটার সায়েন্স প্রোগ্রাম চালু হয়েছে। দেশে দূরশিক্ষণে প্রথম বারের মত স্নাতক পর্যায়ে বিএসসি (অনার্স) ইন কম্পিউটার সায়েন্স প্রোগ্রামটি চালু হওয়ায় কর্মজীবী ও পেশাজীবীদের কম্পিউটার শিক্ষার সুযোগ অবারিত হলো। এ প্রোগ্রামটি চালুর জন্য উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এবং ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ডুয়েট) পরস্পরের মধ্যে শিক্ষা সুবিধা সম্প্রসারণের লক্ষ্যে ও টিউটোরিয়াল সার্ভিস প্রদানের জন্য ২৫ নভেম্বর, ২০১৩ সোমবার উপাচার্যের কার্যালয়ে এক সমঝোতা চুক্তি (Memorandum of Understanding (MOU) স্বাক্ষরিত হয়। চুক্তিপত্রে বিশ্ববিদ্যালয়ের পক্ষে প্রো-উপাচার্য ও ট্রেজারার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন ও ডুয়েট এর পক্ষে অধ্যাপক ড. মোঃ নাসিম আখতার, বিভাগীয় প্রধান, সিএসই বিভাগ, ডুয়েট স্বাক্ষর করেন। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বাউবি'র উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান এবং স্কুল অব সায়েন্স এন্ড টেনোলজির ডিন, অধ্যাপক ড. কে এম রেজানুর রহমান, কৃষি ও পল্লী উন্নয়ন স্কুলের ডিন, অধ্যাপক ড. মোঃ শাহ্ আলম সরকার ও ড. মোঃ আনওয়ারুল আবেদীন, ডিন, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ, ডুয়েট এবং বাউবি'র স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজির শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

## অভিনন্দন

### প্রফেসর ড. মোঃ আবু তাহের-এর বাউবি'র ট্রেজারার পদে যোগদান



*উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান ২৩ ডিসেম্বর, ২০১৩ তারিখে তাঁর কার্যালয়ে বাউবিতে নবনিযুক্ত ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের-কে ফুলেল শুভেচ্ছা জানান।*

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) ট্রেজারার পদে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মোঃ আবু তাহের ২৩ ডিসেম্বর, ২০১৩ তারিখ সোমবার যোগদান করেন। বাউবিতে যোগদানের পূর্বে তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন অনুষদের ডিন হিসেবে দায়িত্বরত ছিলেন। বর্ণাঢ্য ও অত্যন্ত কৃতিত্বপূর্ণ শিক্ষা জীবনের অধিকারী খ্যাতিমান অধ্যাপক ড. মোঃ আবু তাহের ব্যবসা শিক্ষাক্ষেত্রে দেশের একজন প্রথিতযশা শিক্ষক যিনি সিনিয়র ফুলব্রাইট বৃত্তি নিয়ে যুক্তরাষ্ট্রে পোষ্ট ডক্টরাল গবেষণা করেন। দেশ বিদেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে তিনি শিক্ষকতা করেছেন। তিনি যুক্তরাষ্ট্রের টেক্সাস এ এন্ড এম ইউনির্ভাসিটি; ইনহা ইউনির্ভাসিটি; ইনচিয়ন, সাউথ কোরিয়া; কোরিয়া একাডেমি অব বিজনেস এথিক্স, সিউল-এ ভিজিটিং প্রফেসর হিসেবে শিক্ষকতা করেন। ব্যবসায় শিক্ষার উপর তাঁর আটটি পাঠ্য পুস্তক, ৫২টি প্রকাশনা ও গবেষণা রয়েছে। এ ছাড়াও ২২টি আন্তর্জাতিক সেমিনারে রিসার্চ পেপার তিনি উপস্থাপন করেছেন। একই সঙ্গে কনসালটেন্ট হিসেবে কমনওয়েলথ অব লার্ণিং (কোল), ইন্টারন্যাশনাল লেবার অর্গানাইজেশন (আইএলও), বিশ্বব্যাংকের বিভিন্ন প্রকল্পে দায়িত্ব পালন করেন। বাউবি'র এমবিএ, সিএমবিএ ও সিএমপিএ প্রোগ্রামে শিক্ষকতা ছাড়াও তিনি দেশের বিভিন্ন বেসরকারী বিশ্ববিদ্যালয়ের উপদেষ্টা ও সিন্ডিকেট সদস্য হিসেবে দায়িত্ব পালন করেন।

ড. মোঃ আবু তাহের শিক্ষা ও গবেষণা কাজে যুক্তরাষ্ট্র, কানাডা, যুক্তরাজ্য, ফ্রান্স, মালয়েশিয়া, সিঙ্গাপুর, সাউথ কোরিয়া, তাইওয়ান, চীন, থাইল্যান্ড, হংকং, আরব আমিরাত ও তুরস্ক এবং সার্কভুক্ত দেশসমূহ ভ্রমণ করেন। ব্যক্তিগত জীবনে ড. তাহের দুই পুত্র ও এক কন্যা সন্তানের জনক।

## শোক সংবাদ

### সাবেক উপাচার্য অধ্যাপক ড. এম আমিনুল ইসলাম এর ইন্তেকাল



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ও প্রখ্যাত শিক্ষাবিদ অধ্যাপক ড. এম আমিনুল ইসলাম ১৫ নভেম্বর, ২০১৩, শুক্রবার ঢাকার ল্যাব এইড হাসপাতালে ইন্তেকাল করেন। তাঁর মৃত্যুতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান ও প্রো-উপাচার্য প্রফেসর ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন গভীর শোক প্রকাশ করেন এবং শোকসন্তপ্ত পরিবারবর্গের প্রতি গভীর সমবেদনা জানান। সাবেক উপাচার্যের মৃত্যুতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী সমিতিও শোক প্রকাশ করেন। উল্লেখ্য, অধ্যাপক ড. এম আমিনুল ইসলাম ২১-১০-১৯৯৬ হতে ২০-১০-২০০০ সাল পর্যন্ত বাউবি'র উপাচার্য হিসেবে দায়িত্ব পালন করেন। তাঁর দায়িত্বকালীন সময়ে বিশ্ববিদ্যালয় উন্নয়ন প্রকল্প হতে রাজস্ব খাতে স্থানান্তরিত হয়।

### সাবেক উপাচার্য অধ্যাপক ড. এম এরশাদুল বারী-আর নেই



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. এম. এরশাদুল বারী ০৯ নভেম্বর, ২০১৩, শনিবার মালয়েশিয়ায় একটি হাসপাতালে ইন্তেকাল করেন। তাঁর মৃত্যুতে বাউবি'র উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান ও প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন গভীর শোক প্রকাশ করেন এবং শোক সন্তপ্ত পরিবারবর্গের প্রতি গভীর সমবেদনা জানান। সাবেক উপাচার্যের মৃত্যুতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী সমিতিও গভীর শোক প্রকাশ করেন। উল্লেখ্য, অধ্যাপক ড. এম এরশাদুল বারী ১০-১২-২০০১ হতে ১৫-০৩-২০০৭ সাল পর্যন্ত বাউবি'র উপাচার্য পদে দায়িত্ব পালন করেন।

## দোয়া মাহফিল

### প্রয়াত দুই উপাচার্যের জন্য বিশ্ববিদ্যালয়ে দোয়া মাহফিল

প্রয়াত উপাচার্য অধ্যাপক ড. এম আমিনুল ইসলাম ও অধ্যাপক ড. এম এরশাদুল বারী এর রুহের মাহফেরাত কামনায় ২১ নভেম্বর, ২০১৩ বৃহস্পতিবার বাদ যোহর গাজীপুর ক্যাম্পাসের মসজিদে এক দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। দোয়া মাহফিল অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান, প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন সহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান বিশ্ববিদ্যালয়ের অগ্রগতি ও উন্নয়নে সাবেক উপাচার্যদ্বয়ের ভূয়সী প্রশংসা করেন। একই সঙ্গে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে সহকর্মী হিসেবে তাঁদের বর্ণাঢ্য কর্মবহুল জীবনের স্মৃতিময় ঘটনার বর্ণনা দেন।

## আন্তর্জাতিক সেমিনার, সিমপোজিয়ামে অংশগ্রহণ

### আরব আমিরাত ও নাইজেরিয়ায় বাউবি'র উপাচার্য



ন্যাশনাল ওপেন ইউনিভার্সিটি অব নাইজেরিয়ার উপাচার্যের সাথে PCF-7 কনফারেন্সে বাউবি'র উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান। পাশে PCF-7 কনফারেন্সে অংশ নেয়া বিশ্ববিদ্যালয়ের মিডিয়া বিভাগের উপ-পরিচালক শরীফ মোঃ শাহাবুদ্দীন।

উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান South Asia Policy Dialogue (SAPD) শীর্ষক কনফারেন্সে যোগদানের জন্য ২৭ নভেম্বর, ২০১৩ তারিখে সংযুক্ত আরব আমিরাতের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন । সংযুক্ত আরব আমিরাত থেকে তিনি ০৯ ডিসেম্বর, ২০১৩ তারিখ নাইজেরিয়ায় Seventh Pan-Commonwealth Forum on Open Learning (PCF7) শীর্ষক কনফারেন্স-এ অংশগ্রহণ করেন। সংযুক্ত আরব আমিরাত ও নাইজেরিয়ায় অনুষ্ঠিত কনফারেন্সে বিশ্বের ৪০টি দেশের বিভিন্ন উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও শিক্ষাবিদগণের সাথে বাউবি উপাচার্য মতবিনিময় করেন। উপাচার্য এ দু'টি কনফারেন্সে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে তথ্য প্রযুক্তি ব্যবহারের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। কনফারেন্সে দূরশিক্ষণে বাংলাদেশে মোবাইল এসডিকার্ডের ব্যবহার প্রশংশিত হয়। উন্নয়নশীল দেশগুলোতে উন্মুক্ত শিক্ষা ব্যবস্থায় এ প্রযুক্তি গ্রহণের জন্য কনফারেন্সে বিশেষভাবে আলোচনা করা হয়।

## উপাচার্য ও প্রো-উপাচার্য-এর সার্ক মেম্বার স্টেটস শীর্ষক কনফারেন্সে অংশগ্রহণ

ভারতের নয়াদিল্লীতে অনুষ্ঠিত Regional Conference on the Status of Higher Education in South Asia (SAARC Member States) শীর্ষক কনফারেন্সে অংশগ্রহণ করার জন্য ১৩-১৪ জানুয়ারি, ২০১৪ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) এর উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান ও প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন ভারতের নয়াদিল্লী অবস্থান করেন। উক্ত কনফারেন্সে উপাচার্য ও প্রো-উপাচার্য কনফারেন্সে অংশগ্রহণকারী বিভিন্ন দেশের বিশ্ববিদ্যালয়ের উপাচার্যগণের সাথে মতবিনিময় করেন।

## নাইজেরিয়ায় PCF7 কনফারেন্সে বাউবি'র উপাচার্য ও প্রো-উপাচার্য

বাউবি'র উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান ও প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন Seventh Pan-Commonwealth Forum on Open Learning (PCF7) শীর্ষক কনফারেন্স-এ যোগদানের জন্য ২৭ নভেম্বর, ২০১৩ তারিখ ঢাকা ত্যাগ করেন। কনফারেন্সে উপাচার্য ও প্রো-উপাচার্য বিভিন্ন দেশের উপাচার্য ও শিক্ষাবিদগণের সাথে দূরশিক্ষণে তথ্য প্রযুক্তির ব্যবহার ও বিভিন্ন কার্যক্রম সম্পর্কে মতবিনিময় করেন। রাউন্ড টেবিল কনফারেন্সে প্রো-উপাচার্য উন্মুক্ত ও দূরশিক্ষণ কার্যক্রমে বাউবি'তে তথ্য প্রযুক্তির অবাধ ব্যবহার সম্পর্কে বক্তব্য উপস্থাপন করেন। উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপস্থাপিত প্রযুক্তিনির্ভর শিক্ষা ব্যবস্থা সম্মেলনে বিশেষভাবে প্রশংসিত হয়। প্রাসঙ্গিকক্রমে তিনি এ প্রযুক্তি ব্যবহারের সার্বিক সফলতাও উল্লেখ করেন।




৭ম প্যান কমনওয়েল্থ ফোরাম অন ওপেন লার্নিং-এর কনফারেন্স প্রাঙ্গণে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম.এ. মাননান ও প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন। (ছবি : শরীফ মোঃ শাহাবুদ্দীন)

## জ্ঞান ও মনীষার মত বিনিময়ে ভারতে নেতাজী সুভাষ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে বাউবি'র শিক্ষক



কনফারেন্সে অন্যান্য অংশগ্রহণকারীগণের সাথে বাম দিক থেকে উপবিষ্ট ওপেন স্কুলের সহকারী অধ্যাপক মিজানুর রহমান।



'দেশভাগে পাকিস্তান আন্দোলন ও বাঙালির ব্যর্থতা' শীর্ষক গবেষণা পত্র উপস্থাপন করছেন ডান দিক থেকে ওপেন স্কুলের সহযোগী অধ্যাপক ড. চেঙ্গিশ খান (সর্বডানে)।



স্কুল অব এডুকেশনের অধ্যাপক ড. সোয়াইব জিবরানকে করমর্দন করতে দেখা যাচ্ছে।

ভারতের কোলকাতায় ০৮-১০ ফেব্রুয়ারি, ২০১৪ পর্যন্ত অনুষ্ঠিত 'Partition Literature Memory and Inheritence of Self' শীর্ষক কনফারেন্সে অংশ গ্রহণের জন্য বাউবি'র স্কুল অব এডুকেশনের অধ্যাপক ড. সোয়াইব জিবরান, ওপেন স্কুলের সহযোগী অধ্যাপক ড. মোঃ চেঙ্গীশ খান ও সহকারী অধ্যাপক মিজানুর রহমান ভারতের কোলকাতা গমন করেন। কনফারেন্সে প্রফেসর ড. সোয়াইব জিবরান, হাসান আজিজুল হক এর 'দেশ ভাগের গল্প: ট্রমার বয়ান', ড. মোঃ চেঙ্গীশ খান 'দেশভাগে পাকিস্তান আন্দোলন ও বাঙালির ব্যর্থতা' এবং মিজানুর রহমান 'Gender sensitive View of the Literature in the Bangladesh School Text Books' বিষয়ের উপর তাঁদের গবেষণা পত্র উপস্থাপন করেন। পশ্চিমবঙ্গের কোলকাতায় অনুষ্ঠিত এই কনফারেন্সে বাউবি'র শিক্ষকগণ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দের সাথে দূরশিক্ষণের উপর মতবিনিময় করেন।

## পশ্চিমবঙ্গ ইতিহাস সংসদের সম্মেলনে ড. সুনীল কান্তি দে

বাউবি'র স্কুল অব এডুকেশনের ডিন অধ্যাপক ড. সুনীল কান্তি দে ২৪-২৬ জানুয়ারি ২০১৪ ভারতের পশ্চিমবঙ্গ ইতিহাস সংসদের ৩০তম বার্ষিক সেমিনারে যোগদান করেন। সেমিনারে অধ্যাপক ড. সুনীল কান্তি দে 'ভারত বহির্ভূত বিভাগে বাংলাদেশের মুক্তি সংগ্রামে ভারতীয় সহযোগিতার সূচনা পর্ব: একটি অনুসন্ধান' শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন। সেমিনারে সভাপতিত্ব করেন বিশিষ্ট ইতিহাসবিদ ড. কেকা দত্ত।

## ভারতে সাউথ এশিয়ান পলিসি ডায়লগ প্রোগ্রামে আরিফা রহমান রুমা

স্কুল অব এডুকেশন এর সহকারী অধ্যাপক আরিফা রহমান রুমা ০৮-১২ জানুয়ারি ২০১৪ পর্যন্ত The South Asian Policy Dialogue Program এ অংশগ্রহণের জন্য ভারতে গমন করেন। উক্ত প্রোগ্রামে তিনি দক্ষিণ এশিয়ায় উচ্চ শিক্ষা ও কর্মসংস্থানের সম্ভাবনা নিয়ে মতামত উপস্থাপন করেন।

## দিবস উদ্‌যাপন

### শ্রদ্ধাভরে শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত



শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে উপাচার্যের নেতৃত্বে প্রো-উপাচার্যসহ বাউবি'র শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ মীরপুর শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন।

যথাযোগ্য মর্যাদায় ও ভাবগাম্ভীর্য পরিবেশে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে (বাউবি) ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস-২০১৩ পালিত হয়। এ দিন শহীদ বুদ্ধিজীবীদের আত্মার প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান-এর নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন এবং শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ মিরপুর ও রায়ের বাজার শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণ করেন। যোহরের নামাজ শেষে বিশ্ববিদ্যালয় মসজিদে শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া করা হয়।

## আনন্দে গৌরবে মহান বিজয় দিবস উদ্‌যাপিত




*১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উপলক্ষে উপাচার্যের নেতৃত্বে প্রো-উপাচার্য ও বাউবি'র শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীগণ সাভারে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন।*

যথাযোগ্য মর্যাদায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস-২০১৩ উদ্‌যাপিত হয়। এ দিন স্বাধীনতা যুদ্ধে আত্মদানকারী বীর শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান-এর নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেনসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ সাভারে জাতীয় স্মৃতিসৌধে পুস্পার্ঘ অর্পণ করেন। পরে উপাচার্যের নেতৃত্বে ধানমন্ডির ঐতিহাসিক ৩২ নম্বর সড়কে উপস্থিত হয়ে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে পুস্পার্ঘ অর্পণ করা হয়। দিবসটি পালন উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের মসজিদে যোহরের নামাজের পর মুক্তিযুদ্ধে আত্মদানকারী বীর শহীদদের আত্মার মাগফেরাত ও দেশের শান্তি সমৃদ্ধি ও উন্নয়ন কামনা করে দোয়া করা হয়। সন্ধ্যায় গাজীপুর ক্যাম্পাসে আলোকসজ্জা করা হয়।

## পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) পালিত



ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) উপলক্ষে ১৩ জানুয়ারি, ২০১৪ মঙ্গলবার গাজীপুর ক্যাম্পাসের মসজিদে মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয় মসজিদ কমিটির উদ্যোগে আয়োজিত মিলাদ মাহফিলে একই সঙ্গে দেশ, জাতি ও বাউবি'র উন্নয়ন ও অগ্রযাত্রা কামনা করে মোনাজাত করা হয়। মিলাদ মাহফিলে রেজিস্ট্রার অধ্যাপক ড. আবুল হোসাইন আহমেদ ভূঁইয়াসহ শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

## বিনম্র শ্রদ্ধায় অমর একুশ উদ্‌যাপন




*মহান একুশে উদ্‌যাপন উপলক্ষে বাউবি'র শহীদ মিনারে প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন ও ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের এর নেতৃত্বে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ পুষ্পস্তবক অর্পন করছেন।*

যথাযোগ্য মর্যাদায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে ২১ ফেব্রুয়ারি মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপিত হয়। প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন এর-নেতৃত্বে ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহেরসহ শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ প্রত্যুষে কেন্দ্রীয় শহীদ মিনার এবং সকাল ৭.৩০ টায় বাউবি গাজীপুর ক্যাম্পাসের শহীদ মিনারে পুস্পস্তবক অর্পণ করে ভাষা শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি ও ল্যাবরেটরি স্কুলের ছাত্র-ছাত্রী এবং বিশ্ববিদ্যালয় সংলগ্ন উত্তর খাইলকুর এলাকার হাজী দানেশ একাডেমীর পক্ষ থেকে শহীদ মিনারে পুস্পস্তবক অর্পণ করে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়। এ উপলক্ষে ক্যাম্পাসে শিশু-কিশোরদের চিত্রাংকন ও স্বরচিত কবিতা প্রতিযোগিতার আয়োজন করা হয়। দিবসটি উদযাপনে সম্মেলন কক্ষে মিডিয়া বিভাগের সহযোগিতায় ভাষা আন্দোলনের উপর একটি শর্ট ফিল্ম প্রদর্শন করা হয়। বিশ্ববিদ্যালয়ের সকল আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রও যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদ্‌যাপন করে। অমর একুশে উদ্‌যাপন উপলক্ষে তথ্য ও গণসংযোগ বিভাগ শহীদ মিনার চত্বর ও এর চারপার্শ্বে ব্যানার, ফেস্টুন, বর্ণমালা ও আলপনা দিয়ে নান্দনিক ও বর্ণিল সাজে সজ্জিত করে।

## জাতির জনক এর ৯৪তম জন্মবার্ষিকী উদ্‌যাপন




*জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৯৪তম জন্ম বার্ষিকীতে জাতির জনকের প্রতিকৃতিতে উপাচার্য ড. এম এ মাননান এর নেতৃত্বে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ পুস্পস্তবক অর্পন করেন।*

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৯৪তম জন্ম বার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে ১৭ মার্চ ২০১৪ সোমবার বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান-এর নেতৃত্বে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ ধানমন্ডি ৩২ নম্বর সড়কে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন ও ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের উপস্থিত ছিলেন। দিবসটি পালন উপলক্ষে বিশ্ববিদ্যালয় গাজীপুর ক্যাম্পাসে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ ও শিশু কিশোরদের অংশগ্রহণে সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা হয়। এদিন বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স হলে বঙ্গবন্ধুর সংগ্রামী জীবনের উপর একটি ডকুমেন্টারি ফিল্ম প্রদর্শন করা হয়।



স্বাধীনতা দিবসে গাজীপুর ক্যাম্পাসে মুক্তিযুদ্ধের স্মারক ভাস্কর্য 'স্বাধীনতা চিরন্তন' বেদীতে পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করছেন উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান, পাশে ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের

## মহান স্বাধীনতা দিবস উদ্‌যাপন



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০১৪ উদ্‌যাপিত হয়। প্রত্যুষে বাউবি'র সকল কার্যালয়ে জাতীয় পতাকা উত্তোলন এবং বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলনের মাধ্যমে কর্মসূচি শুরু হয়। উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান-এর নেতৃত্বে বাউবি'র শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ স্বাধীনতা যুদ্ধের মহান শহীদদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে সাভারের জাতীয় স্মৃতি সৌধের বেদীতে পুষ্পস্তবক অর্পণ করেন।




*'মহান স্বাধীনতা দিবস' ২০১৪ উদ্‌যাপন উপলক্ষে উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান এর নেতৃত্বে ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের ও বাউবি'র শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ সাভারে জাতীয় স্মৃতি সৌধে পুষ্পস্তবক অর্পন করেন।*

কর্মসূচির অংশ হিসেবে প্রো-উপাচার্য বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ধানমন্ডি ৩২ নম্বর সড়কে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করে পুষ্পার্ঘ অর্পণ করেন এবং গাজীপুর ক্যাম্পাসে উপাচার্য ও ট্রেজারার মুক্তিযুদ্ধের স্মারক ভাস্কার্য, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর 'স্বাধীনতা চিরন্তন'-এর ম্যুরালে পুষ্পমাল্য অর্পণ করেন। দিবসটি উদযাপনের অংশ হিসেবে দিনব্যাপী ক্যাম্পাসে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৭ই মার্চের ভাষণ ও দেশাত্মবোধক গান প্রচার করা হয় এবং সন্ধ্যায় গাজীপুর ক্যাম্পাসে আলোকসজ্জা করা হয়।

## আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন

আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে নারীর ক্ষমতায়ন, সমাজে নারীর অবস্থান নিয়ে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে ৯ ফেব্রুয়ারি ২০১৪ রবিবার বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স হলে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।



*আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে কনফারেন্স হলে মঞ্চে দন্ডায়মান ডানদিক থেকে অধ্যাপক ড. সাদিয়া আফরোজ সুলতানা, তাসলিমা খাতুন, নাজমুন নাহার টিপু, ইয়াসমিন রহমান, নিলুফার জাহান, সেতারা বেগম, রুবাইয়া রহমান, জুলেখা খাতুন ও তাসলিমা আমিন।*

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান এতে সভাপতিত্ব করেন। অন্যান্যের মধ্যে বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন এবং ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের আলোচনায় অংশগ্রহণ করেন। নারীর ক্ষমতায়ন, সমতা ও উন্নয়ন নিয়ে বক্তাগণ অনুষ্ঠানে বিস্তারিত আলোচনা করেন। বিশ্ববিদ্যালয়ে কর্মরত মহিলা শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ এতে উপস্থিত ছিলেন। মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে নারী দিবসের মনোজ্ঞ আলোচনা অনুষ্ঠান শেষ হয়।

# বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পরীক্ষার ফল প্রকাশ

## এইচএসসি প্রোগ্রাম

**পাসের হার ৭১ দশমিক ৩৯**

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) অধীনে ২০১২ সালের এইচএসসি প্রোগ্রামের চূড়ান্ত পরীক্ষার ফল ১১ ডিসেম্বর, ২০১৩ তারিখে গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হয়। এবার বাউবি'র এইচ.এস.সি প্রোগ্রামের ১ম ও ২য় বর্ষের পরীক্ষায় মোট ১,৪০,৭৯২ (এক লক্ষ চল্লিশ হাজার সাতশত বিরানব্বই) জন শিক্ষার্থী অংশগ্রহণ করে। এর মধ্যে ২য় বর্ষে মোট ৫৭,৯০৯ (সাতান্ন হাজার নয়শত নয়) জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে। চূড়ান্ত পরীক্ষায় বিভিন্ন গ্রেডে মোট ৩৯,১১২ (উনচল্লিশ হাজার একশত বার) জন শিক্ষার্থী কৃতকার্য হয়। পাশের হার ৭১ দশমিক ৩৯ ভাগ।

কৃতকার্য শিক্ষার্থীদের মধ্যে ০১ জন 'এ'+, ৩২৭ জন 'এ,' ২,৫৮৮ জন 'এ(-)' ৮,১১৫ জন 'বি', ২১,৯১৫ জন 'সি' এবং ৬,১৬৬ জন 'ডি' গ্রেডে উত্তীর্ণ হয়েছে। উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে ১৯,৭৫৮ (উনিশ হাজার সাতশত আটান্ন) জন পুরুষ অর্থাৎ শতকরা ৬৬ দশমিক ৯৪ ভাগ এবং ১৯,৩৫৪ (উনিশ হাজার তিনশত চুয়ান্ন) জন মহিলা অর্থাৎ শতকরা ৭৬ দশমিক ৫৯ ভাগ। একই সঙ্গে ৮২,৮৮৩ (বিরাশি হাজার আটশত তিরাশি) জন প্রথম বর্ষের শিক্ষার্থীর পরীক্ষার ফলও প্রকাশ করা হয়।

## বিএজিএড প্রোগ্রাম

**পাসের হার ৪১ দশমিক ৮৩**

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) অধীনে বিএজিএড প্রোগ্রামের ১২২ (জুলাই-ডিসেম্বর ২০১২) টার্মের ২য়, ৪র্থ ও ৬ষ্ঠ সিমেস্টারের পরীক্ষার বিষয়ভিত্তিক ও চূড়ান্ত ফলাফল ঘোষণা করা হয়েছে। পাসের হার ৪১ দশমিক ৮৩ ।

## সিপিএফপি প্রোগ্রাম

**পাসের হার ৮৬ দশমিক ৬৭**

বাউবি'র সিপিএফপি প্রোগ্রামের ১৩১ (জানুয়ারি-জুন, ২০১৩) টার্মের পরীক্ষার বিষয়ভিত্তিক ও চূড়ান্ত ফলাফল ২৮ ডিসেম্বর, ২০১৩ তারিখে প্রকাশিত হয়। পাসের হার ৮৬ দশমিক ৬৭।

## DYDW প্রোগ্রাম

বাউবি'র Diploma in Youth Development Work (DYDW) প্রোগ্রামের ১৩১ (জানুয়ারী-জুন' ২০১৩) টার্মের ৬ষ্ঠ সাইকেল এর ২য় সিমেস্টার পরীক্ষার বিষয়ভিত্তিক ফলাফল ১১ ফেব্রুয়ারি, ২০১৪ তারিখে প্রকাশিত হয়।

## DCSA প্রোগ্রাম

বাউবি পরিচালিত Diploma in Computer Science Application (DCSA) প্রোগ্রামের ১৩১ টার্মের ১ম ও ৩য় সিমেস্টার পরীক্ষার কোর্স ভিত্তিক ফলাফলসহ চূড়ান্ত ফলাফল ১৯ ফেব্রুয়ারি ২০১৪ তারিখে প্রকাশিত হয়। পাশের হার ৯১ দশমিক ৫০ভাগ।

# নিয়োগ ও আপগ্রেডেশন সংবাদ

## যুগ্ম-পরিচালক পদে নিয়োগ

আপগ্রেডেশন নীতিমালা অনুযায়ী বিভিন্ন বিভাগ ও দপ্তরের ১৫ (পনের) জন উপ-পরিচালককে যুগ্ম-পরিচালক পদে এবং ০১ (এক) জন উপ-পরীক্ষা নিয়ন্ত্রককে যুগ্ম-পরীক্ষা নিয়ন্ত্রক পদে আপগ্রেডেশনে নিয়োগ দেয়া হয়েছে। যুগ্ম পরিচালক পদে নিয়োগপ্রাপ্তরা হলেন ঃ মোঃ আতিকুর রহমান, উপাচার্যের দপ্তর; এমএস দিল আফরোজা, এস এস এস বিভাগ; মোহাম্মদ আবুল কাইউম, পরীক্ষা বিভাগ; এমএস নিলোফার জাহান, পরীক্ষা বিভাগ; বদরুল হায়দার চৌধুরী, চট্টগ্রাম আঞ্চলিক কেন্দ্র; মোঃ মাহফুজ-উল-আলম, বগুড়া আঞ্চলিক কেন্দ্র; মোঃ আইউব আলী, ফরিদপুর আঞ্চলিক কেন্দ্র; মোঃ নওজেসুর রহমান, মিডিয়া বিভাগ; মোহাম্মদ আসলাম, অডিট সেল, উপাচার্যের দপ্তর; আবু আহসান এহতেশামুল হক, সিলেট আঞ্চলিক কেন্দ্র; মোঃ খালেকুজ্জামান খান, বরিশাল আঞ্চলিক কেন্দ্র; মোঃ নূরুল ইসলাম, অর্থ ও হিসাব বিভাগ; মোঃ নজরুল ইসলাম, প্রশাসন বিভাগ; এস.এন.এইচ.এম সাখাওয়াত হোসেন প্রকাশনা, মুদ্রণ ও বিতরণ বিভাগ; মোহাম্মদ আলী, প্রকাশনা, মুদ্রণ ও বিতরণ বিভাগ এবং যুগ্ম-পরীক্ষা নিয়ন্ত্রক পদে মোঃ মাইনুল ইসলাম, পরীক্ষা বিভাগ ।

## কর্মকর্তা পদে নিয়োগ ও আপগ্রেডেশন

আপগ্রেডেশন প্রক্রিয়ায় বিশ্ববিদ্যালয়ের ০৭ (সাত) জন সহকারী পরিচালককে উপ-পরিচালক পদে, ২৬ (ছাব্বিশ) জন সহকারী আঞ্চলিক পরিচালককে উপ-আঞ্চলিক পরিচালক পদে, ০৩ (তিন) জন সহকারী পরীক্ষা নিয়ন্ত্রককে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক পদে ও বিভিন্ন বিভাগে কর্মকর্তা পদে কর্মরত ০৭ (সাত) জনকে সহকারী পরিচালক পদে এবং ভিডিও স্পেশালিষ্ট থেকে সিনিয়র ভিডিও স্পেশালিষ্ট পদে ০১ (এক) জন, প্রোগ্রাম স্পেশালিষ্ট থেকে সিনিয়র প্রোগ্রাম স্পেশালিষ্ট ০১ (এক) জন, ক্যামেরাম্যান থেকে ভিডিও স্পেশালিষ্ট ০১ (এক) জন ও প্রোগ্রামার থেকে সিস্টেম এনালিষ্ট পদে ০১ (এক) জনকে নিয়োগ দেওয়া হয়েছে। এ ছাড়া শূন্য পদে সরাসরি ০৪ (চার) জন উপ-পরিচালক এবং ০১ (এক) জন উপ-আঞ্চলিক পরিচালক নিয়োগ করা হয়েছে। বাউবি'র উপাচার্য পদে অধ্যাপক ড. এম এ মাননান যোগদান করার পর বাউবি'র বোর্ড অব গভর্ণর্স-এর ১৪০ তম সভার অনুমোদনক্রমে কর্মকর্তাগণের এ সকল আপগ্রেডেশন ও সরাসরি নিয়োগ দেয়া হয়।

## একাডেমিক সংবাদ

### আইন বিষয়ে অনার্স প্রোগ্রাম চালু

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে আইন বিষয়ে চার বছর মেয়াদি স্নাতক (সম্মান) প্রোগ্রাম চালু হয়েছে। জাতীয় দৈনিক পত্রিকা প্রথম আলো, দি ডেইলী স্টার পত্রিকায় চার বছর মেয়াদি স্নাতক (সম্মান) প্রোগ্রামের ২০১৩-২০১৪ শিক্ষা বর্ষের ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। এ প্রোগ্রামে ভর্তি হতে আগ্রহী শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষায় মেধা যাচাইয়ের মাধ্যমে বাছাই করা হয়। আইন বিষয়ে ভর্তি পরীক্ষায় অংশগ্রহনের জন্য এসএসসি এবং এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষায় ন্যূনতম জিপিএ একত্রে ৬.২৫ বা সমমান থাকতে হবে। স্নাতক (সম্মান) ডিগ্রী অর্জনের জন্য শিক্ষার্থীকে মোট ৪০টি কোর্স বা ১২০ ক্রেডিট সম্পন্ন করতে হবে। ৪০টি কোর্সের মধ্যে সম্মান বিষয়ে ২৫টি কোর্স ও বিশেষায়িত কোর্স বিষয়ের ১৫টি কোর্স থাকবে। প্রথম পর্যায়ে বাউবি'র ঢাকা আঞ্চলিক কেন্দ্রের অধীনে আইন বিষয়ে স্নাতক (সম্মান) প্রোগ্রামে শিক্ষা কার্যক্রম পরিচালিত হবে।

### সেনাবাহিনীর জন্য বাউবি'র এইচ এস সি প্রোগ্রাম (নিশ-১) চালু

বাংলাদেশ সেনাবাহিনীর সৈনিকদের শিক্ষার সুবিধা প্রদানের লক্ষ্যে ১৭ নভেম্বর, ২০১৩ তারিখ ঢাকা সেনানিবাসে বাউবি'র সাথে সেনাবাহিনীর একটি সমঝোতা চুক্তি স্বাক্ষর হয়। সমঝোতা স্মারক অনুযায়ী বাউবি সেনা শিক্ষা সমন্বয় সেলের সাথে দ্বিপাক্ষিক আলোচনার মাধ্যমে এইচএসসি প্রোগ্রাম নিশ-১ বাস্তবায়ন করবে। এই প্রোগ্রামটি বিশেষ ধরনের সুনির্দিষ্ট টার্গেট গ্রুপের জন্য নির্ধারিত হওয়ায় এর বাউবি সংকেত নাম দেওয়া হয়েছে নিশ-১ ( Niche-1)। এ পরিপ্রেক্ষিতে সেনাবাহিনীর জোয়ানদের জন্য ওপেন স্কুল থেকে এইচএসসি প্রোগ্রাম নিশ-১ চালু করা হয়েছে। ২০১৪ শিক্ষা বর্ষের ব্যাচ-১ এর এইচএসসি প্রোগ্রাম নিশ-১ এ ভর্তি কার্যক্রম নেয়া হয়েছে। প্রথম পর্যায়ে দেশের দশ (১০)টি সেনানিবাসের অধীনে পরিচালিত স্কুলগুলোতে ১০টি স্টাডি সেন্টারে ভর্তি কার্যক্রম শেষ হবে। ইতোমধ্যে এইচএসসি নিশ-১ এর জন্য সংশ্লিষ্ট বিষয় সমূহের স্বশিক্ষন পাঠ নির্দেশিকা ও অন্যান্য একাডেমিক পাঠ প্রস্তুতের বিষয়ে বাউবি'র ওপেন স্কুল থেকে প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।

### এম বি এস প্রোগ্রাম চালুর উদ্যোগ

বাউবি'র ওপেন স্কুলের অধীনে মাষ্টার অব বিজনেস স্টাডিস (এম বি এস) প্রোগ্রাম চালু হতে যাচ্ছে। জুলাই, ২০১৪ শিক্ষাবর্ষ হতে উচ্চ শিক্ষার এ প্রোগ্রামে ভর্তি কার্যক্রম শুরু হবে। বাউবি'র বিবিএস ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভূক্ত কলেজ থেকে যারা বি বি এস পাস করবে তারাই এ প্রোগ্রামে ভর্তি হতে পারবে। দুই বছর মেয়াদের এম বি এস প্রোগ্রামটি চার বছরের স্নাতক ডিগ্রীধারীগণ এক বছরে এবং বাণিজ্যে তিন বছরের স্নাতক ডিগ্রীধারীগণ দুই বছরে সম্পন্ন করতে পারবে। ওপেন স্কুলের অধীনে এম বি এস প্রোগ্রামটি বাংলা মাধ্যমে উন্মুক্ত ও দূরশিক্ষা পদ্ধতিতে ইন্টারনেট ভিত্তিক প্রকাশনা, রেডিও, টিভির অনুষ্ঠান এবং স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসের মাধ্যমে পরিচালিত হবে। এ ছাড়াও মোবাইল মেমোরি কার্ডে পুরো প্রোগ্রামের শিক্ষা কার্যক্রম অন্তর্ভূক্ত করে শিক্ষার্থীদের সর্বোচ্চ শিক্ষা-বান্ধব সুবিধা নিশ্চিত করা হবে।

### বাউবি-তে এম ফিল ও পিএইচডি প্রোগ্রাম চালু হচ্ছে

দূরশিক্ষণে প্রথম বারের মত বিভিন্ন বিষয়ে এম ফিল ও পিএইচডি ডিগ্রি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে উচ্চ শিক্ষার এ গবেষণা পর্যায়ের ডিগ্রীর কার্যক্রম ২০১৪ সালের জুলাই থেকে আরম্ভ হবে বলে আশা করা যাচ্ছে। এম ফিল ও পিএইচডি প্রোগ্রামে ভর্তির জন্য শিক্ষার্থীকে সংশ্লিষ্ট বিষয়ে ৫৫% নম্বরসহ স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করতে হবে। বছরে দু'বার জানুয়ারি ও জুলাই মাসে এ প্রোগ্রামে ভর্তি করা হবে। এ ছাড়াও এম ফিল ও পিএইচডি প্রোগ্রামে ভর্তির বিস্তারিত তথ্য বাউবি'র ওয়েব সাইটে দেখা যাবে। বাউবি'র এম ফিল ও পিএইচডি ডিগ্রী নিয়ে পেশাজীবীগণ গবেষণা কাজের মাধ্যমে নিজ নিজ ক্ষেত্রে দক্ষতা বাড়াতে সক্ষম হবে।

## উন্নয়ন প্রকল্প সংবাদ



কোয়িকা প্রকল্পের অধীনে পরিচালিত কম্পিউটার ল্যাব-এর একাংশ। বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাস, ঢাকা আঞ্চলিক কেন্দ্র ও ময়মনসিংহ আঞ্চলিক কেন্দ্রে এই ল্যাবগুলো তথ্য প্রযুক্তির মাধ্যমে শিক্ষাদানের জন্য স্থাপন করা হয়েছে।

### কোয়িকা (KOICA) প্রকল্পের মেয়াদ বৃদ্ধি

*কোয়িকা প্রকল্পের উদ্যোগে কম্পিউটার বিভাগে কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে।*

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে ICT and Web-based শিক্ষার সুযোগ প্রবর্তন করে মানব সম্পদ উন্নয়নের ব্যবস্থা নেয়া হয়েছে। ইতোমধ্যে কোরিয়া রিপাবলিকের Korean International Co-operation Agency (KOICA) এর আর্থিক সহয়তায় Establishment of ICT and Web-based Learning System in Bangladesh Open University শীর্ষক কারিগরি প্রকল্পের মেয়াদ ৩০ ডিসেম্বর, ২০১৩ তারিখে শেষ হয়ে যাওয়ায় অসমাপ্ত কাজ পরিপূর্ণভাবে সমাপ্ত করার লক্ষ্যে প্রকল্পের মেয়াদ আরও ০১ (এক) বৎসর বৃদ্ধির প্রস্তাব দেয়া হয়। প্রকল্পের মেয়াদ জানুয়ারি, ২০১৪ থেকে ডিসেম্বর, ২০১৪ পর্যন্ত ০১ (এক) বৎসর বৃদ্ধির জন্য বাংলাদেশে KOICA এর Resident Representative MS Kim-Bok Hee সুপারিশ করেন। ইতোমধ্যে কোয়িকা প্রকল্পের মেয়াদ ১লা জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর, ২০১৪ (এক বৎসর) পর্যন্ত বৃদ্ধি করা হয়। উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়ের পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন ড. এম. ফজলে আলী কোয়িকা প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন।

# ই-লার্ণিং প্রোগ্রাম চালুর উদ্যোগ

## Access to Information (a2i) Programme
## Prime Minister's Office, Dhaka, Bangladesh

বিশ্ববিদ্যালয়ের বর্তমান প্রশাসন দায়িত্ব নেয়ার পর উন্মুক্ত শিক্ষাকে সঠিক মাত্রা দেয়ার মাধ্যমে বাংলাদেশের সর্বস্তরের মানুষের নিকট শিক্ষার আলো ছড়িয়ে দেয়ার জন্য বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় সম্প্রতি বহুমুখী উদ্যোগ নিয়েছে। এরই ধারাবাহিকতায় সম্প্রতি মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তরাধীন ( Access to Information a2i) প্রোগ্রামের সার্ভিস ইনোভেশন ফান্ডের আওতায় ই-লার্ণিং প্রোগ্রাম চালুর জন্য বাউবি একটি প্রকল্প প্রস্তাব পেশ করেছে। প্রকল্পটি চালু হলে একদিকে যেমন উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমের গতি আরও বৃদ্ধি হবে। অন্যদিকে সরকারের ভিশন ২০২১-এর লক্ষ্যসমূহ অর্জনে মানবসম্পদ বৃদ্ধিতে বাউবি ভূমিকা রাখতে সক্ষম হবে। a2i প্রকল্পটি বাংলাদেশে ই-লার্ণিং এর প্লাটফরম হিসেবে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়কে নির্বাচন করেছে।

## প্রশিক্ষণ সংবাদ

### নবনিযুক্ত শিক্ষকদের জন্য উন্মুক্ত ও দূরশিক্ষণে ওরিয়েন্টেশন



*নব নিযুক্ত নবীন প্রভাষকগণের জন্য বাউবি ক্যাম্পাসের শিক্ষক কনফারেন্স হলে ২৩ নভেম্বর, ২০১৩ শনিবার আয়োজিত একাডেমিক ও প্রশাসনিক ওরিয়েন্টেশন কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে (ছবিতে বা থেকে) মোঃ মিজানুর রহমান সহকারী অধ্যাপক ওপেন স্কুল , প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন, অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, স্কুল অব বিজনেস ও ড. মোঃ শফিকুল ইসলাম, যুগ্ম-পরিচালক, প্রশিক্ষণকে দেখা যাচ্ছে।*

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্মরত নবনিযুক্ত প্রভাষকদের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম সম্পর্কে ধারণা দেয়ার লক্ষ্যে ২৩ নভেম্বর, ২০১৩ গাজীপুর ক্যাম্পাসে শিক্ষক কনফারেন্স হলে উন্মুক্ত ও দূরশিক্ষণ পদ্ধতির উপর একটি ওরিয়েন্টেশন কোর্সের উদ্বোধন করেন প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন। উদ্বোধনী অনুষ্ঠানে প্রো-উপাচার্য বলেন, ব্যবস্থাপনা নির্ভর উন্মুক্ত শিক্ষায় অভিজ্ঞতা অর্জনের জন্য প্রশিক্ষণের কোন বিকল্প নেই। বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক ব্যবস্থাপনা সম্পর্কে এই ওরিয়েন্টেশন প্রোগ্রামের মাধ্যমে নবীন শিক্ষকদের কর্মক্ষেত্রে দক্ষতা বৃদ্ধি পাবে। বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন এর সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন রিসোর্স পার্সন অধ্যাপক মোস্তফা আজাদ কামাল ও সহকারী অধ্যাপক মিজানুর রহমান। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন যুগ্ম-পরিচালক (প্রশিক্ষণ) ড. মুহাঃ শফিকুল আলম ও যুগ্ম পরিচালক (তথ্য ও গণসংযোগ) জনাব মোঃ আবুল কাসেম শিখদার।

### OER শীর্ষক ওয়ার্কশপ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর গাজীপুরস্থ ক্যাম্পাসে কমনওয়েথ অব লার্ণিং (COL), কানাডা এর আর্থিক সহযোগিতায় ১৫ ফেব্রুয়ারি ২০১৪ শনিবার সকাল ৯.০০ টায় বিশ্ববিদ্যালয়ের ই-লার্ণিং সেন্টারে ওপেন এডুকেশনাল রিসোর্সেস (ওইআর) শীর্ষক এক ওয়ার্কশপ এর আয়োজন করা হয়।



*OER এর উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন। পাশে স্কুল অব বিজনেস-এর অধ্যাপক মোস্তফা আজাদ কামাল।*

ওয়ার্কশপ উদ্বোধন করেন বাউবি'র উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান। অনুষ্ঠানে বাউবি'র সম্মানিত প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন ও ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের উপস্থিত ছিলেন। ওয়ার্কশপে মূখ্য আলোচক ছিলেন ওপেন স্কুলের ডিন, অধ্যাপক ড. সাদিয়া আফরোজ সুলতানা। বাউবি'র স্কুলের ডিনবৃন্দ, অধ্যাপক ও শিক্ষকবৃন্দসহ উর্দ্ধতন কর্মকর্তাগণ-এ ওয়ার্কশপে উপস্থিত ছিলেন।

## বাউবি'র শিক্ষক সমিতির নির্বাচন

# সভাপতি ড. মোঃ মোহসীন উদ্দিন
# সাধারণ সম্পাদক-ড. মোঃ তৌহিদুল ইসলাম



ড. মোঃ মোহসিন উদ্দিন
সভাপতি



ড. মোঃ তৌহিদুল ইসলাম
সাধারণ সম্পাদক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচনে বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী শিক্ষকদের সংগঠন পূর্ণ প্যানেলে বিপুল ভোটে জয়লাভ করেছে। ৩০ জানুয়ারি, ২০১৪ বৃহস্পতিবার অনুষ্ঠিত শিক্ষক সমিতির নির্বাচনে সভাপতি পদে ড. মোঃ মোহসিন উদ্দিন ও সাধারণ সম্পাদক পদে ড. মোঃ তৌহিদুল ইসলাম। কোষাধ্যক্ষ পদে মোহাম্মদ মামুনূর রশিদ, সহ-সভাপতি ডাঃ সরকার মোঃ নোমান, যুগ্ম সম্পাদক মোঃ ইকবাল হুসাইন, সাংস্কৃতিক সম্পাদক পদে ড. মোঃ নাসিরুল ইসলাম জয়লাভ করেন। কার্যনির্বাহী পরিষদের সদস্য পদে জয়লাভ করেন অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, ড. এ. এস. এম গোলাম মরতুজা, মোঃ তারিকুল ইসলাম, ড. মোঃ ফরিদ হোসেন, মোঃ শহীদুর রহমান, মোঃ আনোয়ারুল ইসলাম, মোঃ আনোয়ারুল ইসলাম, ড. সুনীল কান্তি দে ও আরোবিয়া খানম।

এদিন সকাল ১০-০০টা হতে দুপুর ১-০০টা পর্যন্ত একটানা গাজীপুরে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সম্মেলন কক্ষে শিক্ষক সমিতির এ নির্বাচন অনুষ্ঠিত হয়। বাউবি'র সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুলের সহযোগী অধ্যাপক ড. মোঃ জাহাঙ্গীর আলম প্রধান নির্বাচন কমিশনার, মোহাম্মদ জাফর আহাম্মদ ও মোঃ জাকির হোসেন নির্বাচন কমিশনার হিসেবে নির্বাচন পরিচালনা করেছেন।

## তৃতীয় শ্রেণী কর্মচারীদের কম্পিউটার প্রশিক্ষণ



*কম্পিউটার বিভাগে তৃতীয় শ্রেণীর কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য কম্পিউটার প্রশিক্ষণ নিবিড়ভাবে প্রত্যক্ষ করছেন উপাচার্য অধ্যাপক ড. এম এ মান্নান।*

বিশ্ববিদ্যালয়ে কর্মরত উচ্চমান সহকারী, স্টোর কীপার, লাইব্রেরী সহকারী, নিম্নমান সহকারী, ক্লার্ক কাম টাইপিস্টগণের জন্য কম্পিউটার বিভাগের কম্পিউটার ল্যাবে ০৯-১৬ ফেব্রুয়ারি, ২০১৪ তারিখ পর্যন্ত ০৫ (পাঁচ) দিনের কম্পিউটার প্রশিক্ষণ দেয়া হয়। উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান এ প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করেন। অনুষ্ঠানে উপাচার্য বলেন ডিজিটাইজেশনের এ যুগে অফিস ব্যবস্থাপনায় কম্পিউটার প্রশিক্ষনের বিকল্প নেই। পেশাগত দক্ষতা অর্জনে কম্পিউটার প্রশিক্ষণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। অন্যান্যের মধ্যে কম্পিউটার বিভাগের পরিচালক আবু নাসের মাহমুদ, সিস্টেম এনালিস্ট মোঃ মাসুম বিল্লাহ ও সহকারী সিস্টেম এনালিস্ট শ্রী উৎপল কুমার ঘোষ উপস্থিত ছিলেন। কম্পিউটার বিভাগের দক্ষ ও অভিজ্ঞ কর্মকর্তাগণ এ প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করেন। প্রশিক্ষণলব্ধ অভিজ্ঞতায় কর্মচারীদের সংশ্লিষ্ট দায়িত্ব পালনে অধিকতর দক্ষতা বৃদ্ধি পাবে। এ প্রশিক্ষণ কোর্সে বিশ্ববিদ্যালয়ের ২০ (বিশ) জন কর্মচারী অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীদের সনদ দেয়া হয়।



গাজীপুরে বিশ্ববিদ্যালয়ে নয়নাভিরাম মূল ক্যাম্পাস

## মত বিনিময় ও কৌশল প্রণয়ন সভা



# দক্ষ জনশক্তি তৈরীতে বাউবি নিরলসভাবে কাজ করে যাচ্ছে

*অধ্যাপক ড. এম এ মাননান*

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান ১ মার্চ, ২০১৪ শনিবার চট্টগ্রাম আঞ্চলিক কেন্দ্রের কনফারেন্স হলে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন প্রোগ্রামের সমন্বয়কারীগণের সাথে এক মতবিনিময় ও কৌশল প্রণয়ন সভায় মিলিত হন। সভায় উপাচার্য বলেন, সহজ পদ্ধতিতে শিক্ষা দিয়ে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এখন দেশের অগণিত মানুষের স্বপ্নের শিক্ষা প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। ইতোমধ্যে বাউবির শিক্ষাকে আরো আকর্ষণীয় করার জন্যে বিভিন্ন পদক্ষেপ নেয়া হয়েছে। এগুলোর মধ্যে মাল্টিমিডিয়া প্রোগ্রাম, ই-বুক, ভিডিও কনফারেন্সিং, টিউটোরিয়াল ক্লাস, রেডিও টিভি ব্রডকাস্টিং, অডিওভিডিও কে কাজে লাগিয়ে লেকচার বিতরণ ও ইন্টারঅ্যাকটিভ ভার্চুয়াল ক্লাস রুম এর ব্যবস্থাসহ তথ্যপ্রযুক্তি নির্ভর ব্যবস্থা নেয়া হয়েছে। তিনি আরো বলেন, অষ্টম শ্রেণীর পূর্বে যে সকল শিক্ষার্থী ঝরে পড়েছে তাদেরকেও বাউবি'র শিক্ষার আওতায় আনা হবে। এ বিষয়ে শিক্ষা উপকরণ তৈরী করা হচ্ছে। এ সকল পদক্ষেপের কারণে বাউবি'র শিক্ষার্থী সংখ্যা পাঁচ লাখ ছাড়িয়ে গেছে। দেশে দক্ষ জনশক্তি তৈরীতে বাউবি নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বাউবি'র শিক্ষাকে আরো গতিশীল করার জন্য অল্প কিছুদিনের মধ্যেই সংসদ টিভি চ্যানেলে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা প্রোগ্রামগুলো দেখানো সম্ভব হবে। এ চ্যানেলটি চালু হলে বাউবি'র শিক্ষায় নতুন মাত্রা যোগ হবে। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বাউবি'র ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের এবং বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের পরিচালক ড. এম ফজলে আলী বক্তব্য রাখেন।

চট্টগ্রাম আঞ্চলিক কেন্দ্রের পরিচালক ড. মোঃ আজিজুল হক এর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় সমন্বয়কারীদের মধ্যে বক্তব্য রাখেন হাটহাজারী কলেজের অধ্যক্ষ মীর কফিল উদ্দিন, হাজেরা তজু কলেজের অধ্যক্ষ দবির উদ্দিন খান ও সরকারি মুসলিম উচ্চ বিদ্যালয়ের শিক্ষক আখতার হোসাইন।

# বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্কুলের শিক্ষকবৃন্দের সাথে উপাচার্যের শিক্ষার মান উন্নয়নে মত বিনিময়



*বাম দিক থেকে ওপেন স্কুলের ডিন অধ্যাপক ড. সাদিয়া আফরোজ সুলতানা ও শিক্ষকবৃন্দ, মাঝে স্কুল অব এডুকেশনের ডিন অধ্যাপক ড. সুনীল কান্তি দে ও শিক্ষকগণ এবং সর্ব ডানে সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুলের ডিন অধ্যাপক ড. মমতাজউদ্দীন পাটোয়ারী ও শিক্ষকগণের সাথে পৃথক পৃথকভাবে উপাচার্যের সম্মেলন কক্ষে মত বিনিময় সভায় বক্তব্য রাখছেন উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান।*

উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্কুলের প্রোগ্রাম সমূহের মডিউল লেখা, কারিকুলাম প্রণয়ন, ভিডিও প্রোগ্রাম তৈরি করাসহ চলমান প্রোগ্রামের উন্নয়নে বিভিন্ন বিষয় নিয়ে স্কুলের শিক্ষকগণের সাথে বিভিন্ন দিনে উপাচার্যের কনফারেন্স হলে উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান এর মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। ০৫ ফেব্রুয়ারি' ২০১৪ তারিখ বুধবার বেলা ১২-৩০ টায় বাউবি'র ওপেন স্কুলের ডিন অধ্যাপক ড. সাদিয়া আফরোজ সুলতানা ও শিক্ষকবৃন্দের সাথে এবং বিকেল ৩.০০ টায় স্কুল অব এডুকেশনের ডিন অধ্যাপক ড. সুনীল কান্তি দে ও শিক্ষকবৃন্দের সাথে, ০৬ ফেব্রুয়ারি ২০১৪ বৃহস্পতিবার বেলা ১১.০০ টায় স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজির ডিন অধ্যাপক ড. কে. এম. রেজানুর রহমানসহ এসএসটির শিক্ষকবৃন্দের সাথে, ২৪ ফেব্রুয়ারি ২০১৪ সোমবার দুপুর ১২.০০ টায় স্কুল অব সোশাল সায়েন্স হিউম্যানিটিজ এন্ড ল্যাগুয়েজেস-এর ডিন অধ্যাপক ড. মমতাজউদ্দিন পাটোয়ারীসহ স্কুলের ২৪ জন শিক্ষক এবং ২৭ ফেব্রুয়ারি ২০১৪ বৃহস্পতিবার বিকেল ৩.০০ টায় স্কুল অব বিজনেস এর ডিন অধ্যাপক ড. এ.টি.এম তোফাজ্জেল হোসেন ও শিক্ষকবৃন্দের সাথে উপাচার্যের মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। এতে উপাচার্য বলেন, বাউবি'র শিক্ষার্থীদের কাছে পাঠ-কে আনন্দদায়ক ও সহজবোধ্য করার জন্য বিষয় ভিত্তিক ইউনিট ও Sequence অনুযায়ী যথাযথভাবে ভিডিও প্রোগ্রাম ও মডিউল রচনা করা গুরুত্বপূর্ণ। স্কুলের শিক্ষকগণ বিভিন্ন প্রোগ্রামের মডিউল ও বিষয়ভিত্তিক ভিডিও পরিকল্পনার ব্যাপারে তাদের মতামত তুলে ধরেন। ভিডিও প্রোগ্রাম দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে প্রয়োজনে বিশ্ববিদ্যালয়ের বাইরে থেকে Resource Person-কে আমন্ত্রণ জানানোর বিষয়েও সভায় সিদ্ধান্ত নেয়া হয়।

## বিএসসি ইন রুরাল লাইভলিহুড প্রোগ্রাম চালুর জন্য মত বিনিময়



*রুরাল লাইভলিহুড প্রোগ্রামের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন প্রধান অতিথি উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান। তাঁর ডানপাশে উপবিষ্ট প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন, সার্ড এর ডিন অধ্যাপক ড. মোঃ শাহ্ আলম, বামপাশে অধ্যাপক ড. এ কে এম আবদুল হান্নান ও ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের।*

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) তে চার বছর মেয়াদি বিএসসি ইন রুরাল লাইভলিহুড প্রোগ্রাম চালুর জন্য স্কুল অব এগ্রিকালচার এ্যান্ড রুরাল ডিভেলপমেন্ট এর উদ্যোগে সম্প্রতি (১০ ফেব্রুয়ারি, ২০১৪) বাউবি'র গাজীপুরস্থ শিক্ষক কনফারেন্স হলে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। স্কুল অব এগ্রিকালচার এন্ড রুরাল ডেভলপমেন্ট এর ডিন অধ্যাপক ড. মোঃ শাহ্ আলম সরকারের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাউবি'র উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান । প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন বাংলাদেশের আর্থ সামাজিক প্রেক্ষাপটে কৃষি উন্নয়ন ও প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনার জন্য বিএসসি ইন রুরাল লাইভলিহুড প্রোগ্রামটি অত্যন্ত সময়োপযোগী। সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. এ কে এম আব্দুল হান্নান ভূঁইয়া। মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাউবি'র প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন ও ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের। অনুষ্ঠানে কৃষি ও পল্লী উন্নয়ন স্কুলের শিক্ষকগণ নতুন এ প্রোগ্রামটি চালুর বিষয়ে গভীর আগ্রহ প্রকাশ করে দেশের কৃষি খাতের উন্নয়নে এর গুরুত্ব সম্পর্কে মূল্যবান মতামত রাখেন। উল্লেখ্য, রুরাল লাইভলিহুড সম্পর্কিত শিক্ষা কৃষি উন্নয়নের ক্ষেত্রে নবতর ধারণা ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে সক্ষম হবে।

## বিভিন্ন জাতীয় দৈনিক পত্রিকার বিজ্ঞাপন নির্বাহীগণের সাথে ট্রেজারার-এর মত বিনিময়



*বিভিন্ন জাতীয় দৈনিক পত্রিকার বিজ্ঞাপন নির্বাহীগণের সাথে মত বিনিময় করছেন বাউবি'র ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের এবং পাশে তথ্য ও গণসংযোগ বিভাগের যুগ্ম পরিচালক মোঃ আবুল কাসেম শিখদার।*

দেশের প্রিন্ট মিডিয়ার সাথে যোগাযোগ বৃদ্ধির মাধ্যমে বাউবি'র দূরশিক্ষণ কার্যক্রমকে অধিকতর প্রচার ও প্রসারের জন্য ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের ১৫ জানুয়ারি, ২০১৪ বুধবার বিকেল ৫টায় ঢাকাস্থ বাউবি'র সিটি অফিসে উপাচার্য মহোদয়ের কনফারেন্স কক্ষে বিভিন্ন জাতীয় দৈনিক পত্রিকার বিজ্ঞাপন নির্বাহীদের সাথে মতবিনিময় করেন। সভায় যুগ্ম-পরিচালক মো: আবুল কাসেম শিখদার ট্রেজারার মহোদয় এর সাথে পত্রিকার বিজ্ঞাপন নির্বাহীগণের পরিচয় করিয়ে দেন। সভায় পত্রিকার নির্বাহীগণ বাউবি'র শিক্ষা কার্যক্রম সম্পর্কে অবহিত হন। বাউবি'র ট্রেজারার বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞাপন সম্পর্কে আলোকপাত করে পত্রিকায় সাশ্রয়ীভাবে বিজ্ঞাপন প্রচারের লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করেন। একই সঙ্গে তিনি বাউবি'র বিভিন্ন সংবাদ, প্রেস রিলিজ ও বিজ্ঞাপন অধিকতর গুরুত্বের সঙ্গে ছাপানোর জন্য অনুরোধ করেন। তথ্য ও গণসংযোগ বিভাগের উদ্যোগে আয়োজিত এ সভায় দৈনিক সমকাল, দৈনিক ভোরের কাগজ, দৈনিক আমাদের সময়, দি ডেইলী স্টার, দি ইনডিপেনডেন্ট পত্রিকার বিজ্ঞাপন নির্বাহীগণ উপস্থিত ছিলেন। এ ছাড়াও সভায় অন্যান্যের মধ্যে তথ্য ও গণসংযোগ বিভাগের উপ-পরিচালক মোঃ কামারুজ্জামান, সহকারী-পরিচালক মোঃ রশিদুল গনি ও গণসংযোগ কর্মকর্তা মোঃ মশিহুর রহমান চৌধুরী উপস্থিত ছিলেন।

## উন্নয়ন কার্যক্রম সংবাদ

## বাউবি'র ডিজিটাইজেশনে BIMS

দেশের একমাত্র উন্মুক্ত ও দূরশিক্ষণ ভিত্তিক বিশ্ববিদ্যালয় হিসাবে উন্নত বিশ্বের সকল উন্মুক্ত ও দূরশিক্ষণ বিশ্ববিদ্যালয়ের ন্যায় বাউবিতেও তথ্য প্রযুক্তির সুবিধা ব্যবহারের মাধ্যমে শিক্ষা কার্যক্রমে ডিজিটাইজেশন করা হয়েছে। এরই ধারাবাহিকতায় উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থাপনাসহ সকল কর্মকান্ড ইন্টারনেটের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে পরিচালনার জন্য Bangladesh Open University Information Management System (BIMS). শিরোনামে একটি প্রকল্প প্রণয়ন করা হয়। ১০টি মডিউল এর সমন্বয়ে গঠিত এই BIMS যার দু'টি প্রধান মডিউল ঃ ১। ছাত্র ছাত্রী ভর্তি প্রক্রিয়া ও ২। পরীক্ষা প্রক্রিয়াকরণ কাজ সম্পন্ন হয়েছে এবং পরীক্ষামূলকভাবে চলমান রয়েছে। সবকটি মডিউল সম্পন্ন হলে BIMS এর মাধ্যমে শিক্ষার্থীসহ সকলেই One stop service সুবিধা গ্রহণ করতে পরবে।

## মিডিয়া সেন্টারে ডিজিটাইজেশন কার্যক্রম



*মিডিয়া বিভাগের কার্যক্রম পরিদর্শন করছেন উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান। তাঁর সাথে রয়েছেন মিডিয়া বিভাগের পরিচালক মোঃ কেরামত আলী।*

বাউবি'র বিভিন্ন স্কুল ভিত্তিক রেডিও এবং টিভি প্রোগ্রামগুলো মাইক্রোএসডি কার্ড/ইন্টারনেট/ব্রডকাস্ট উপযোগী করার কাজ শুরু হয়েছে। এ প্রযুক্তির মাধ্যমে ইন্টারনেট থেকে প্রোগ্রামগুলো সহজেই ডাউনলোড করা যাবে। বিশ্ববিদ্যালয়ের একাডেমিক প্রোগ্রামগুলো রেডিওতে প্রচারের জন্য নির্ধারিত এফ এম রেডিও/মাইক্রোকার্ড/ইন্টারনেট উপযোগী করা হচ্ছে। এ ছাড়াও প্রোগ্রামগুলো সব ধরনের অডিও ফরমেটে রূপান্তরের উদ্দেশ্যে অত্যাধুনিক ডিজিটাল অডিও ওয়ার্কস্টেশন এর মাধ্যমে এডিভ প্রো টুলস ও অডাসিটি এডিটিং সফটওয়্যার ব্যবহার করা হচ্ছে। ডিজিটাইজেশনের সর্বোচ্চ সুবিধার লক্ষ্যে বর্তমান প্রজন্মের স্মার্টফোনে  ওয়াইড স্ক্রিন টিভি উপযোগী বাউবি'র টিভি প্রোগ্রামগুলো নির্মাণ করা হচ্ছে। এর ফলে টিভি প্রোগ্রামগুলো এখন থেকে যে কোন স্মার্টফোন এবং ওয়াইড স্ক্রীন টিভি-তে সহজেই দেখা যাবে।

ডিজিটাল প্রোগ্রামের জন্য বাউবি'র একাডেমিক প্রোগ্রামগুলোর বর্তমানে বহি:দৃশ্যের সুটিং চলছে। একই সাথে ডিজিটাল ক্যামেরাতে সরাসরি মেমোরিকার্ডে রেকর্ড হচ্ছে। এরপর মেমোরি কার্ড থেকে ফাইল আকারে ডিজিটাল এডিটিং ইউনিটে এডিট করা হচ্ছে। এ প্রক্রিয়ার মধ্য দিয়ে জনপ্রিয় এডিটিং সফটওয়্যার ফাইনাল কাট প্রো ও  মোশান সফটওয়্যার দিয়ে এডিটিং করে ডিভিক্যাম ক্যাসেটে ডিজিটাল মাস্টার করা হবে।

## সেন্টমার্টিন দ্বীপে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্টাডি সেন্টার চালু হচ্ছে

কক্সবাজার জেলার সেন্টমার্টিন দ্বীপে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এসএসসি ও এইচএসসি প্রোগ্রামের স্টাডি সেন্টার খোলা হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান (৩ মার্চ, ২০১৪ সোমবার) বাংলাদেশের নৈসর্গিক শোভামন্ডিত সেন্টমার্টিন দ্বীপে বাংলাদেশ নেভী ইসলামিক উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক উজ্জল ভৌমিকসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে এ কথা বলেন। দ্বীপাঞ্চল এলাকার শিক্ষাবঞ্চিত, কর্মজীবী ও পেশাজীবীদের শিক্ষার সুযোগ বৃদ্ধির লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের পরিচালক ড. এম ফজলে আলী ও আঞ্চলিক পরিচালক চট্টগ্রাম ড. আজিজুল হকসহ উপাচার্য কক্সবাজারে বাউবি'র উপ-আঞ্চলিক কেন্দ্র স্থাপন ও সেন্টমার্টিন দ্বীপে স্টাডি সেন্টার স্থাপনের সম্ভাব্যতা যাচাইকালে সেন্টমার্টিন দ্বীপের স্থানীয় অধিবাসী ও শিক্ষকদের সঙ্গে মতবিনিময়কালে উপাচার্য বলেন, ২০১৫ শিক্ষাবর্ষ হতে বিশ্ববিদ্যালয়ের এসএসসি ও এইচএসসি প্রোগ্রামের স্টাডি সেন্টার এখানে চালু করা হবে। পেশাজীবী, কর্মজীবী, মৎস্যজীবী, নারী ও ঝড়েপড়া শিক্ষার্থীদের সহজেই এ কেন্দ্রের মাধ্যমেই অল্প খরচে শিক্ষা গ্রহণ সম্ভব হবে। উল্লেখ্য, সেন্টমার্টিন দ্বীপে কেবলমাত্র ১টি উচ্চ বিদ্যালয় ও ৩টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। বিশ্ববিদ্যালয়ের এ দু'টি প্রোগ্রাম চালুর মাধ্যমে সেন্টমার্টিনবাসীদের শিক্ষার সুযোগ অবারিত হবে।



সেন্টমার্টিন দ্বীপ

## শিক্ষার্থী সেবায় ওয়ান স্টপ সার্ভিস উদ্বোধন

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসে ১৬ মার্চ, ২০১৪ রোববার, বিকেল ৩.৩০ টায় শিক্ষার্থীদের অধিকতর সেবা-সুবিধা প্রদানের জন্য ওয়ান স্টপ সার্ভিস উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান। উদ্বোধনী অনুষ্ঠানে উপাচার্য বলেন, উন্মুক্ত শিক্ষা ব্যবস্থায় শিক্ষার্থীদের অধিকতর সেবা-সুবিধা প্রদানের লক্ষ্যে ওয়ান স্টপ সার্ভিস চালু করা হয়েছে। শিক্ষার্থীরা যাতে বিভিন্ন প্রয়োজনে বাউবি ক্যাম্পাসে এসে ওয়ান স্টপ সার্ভিসের সুবিধা পায় সে জন্য পুরুষ ও মহিলাদের আলাদাভাবে শিক্ষার্থী কর্নার শেড নির্মাণ করা হয়েছে। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন ও ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের বক্তব্য রাখেন। বিশ্ববিদ্যালয়ের ডিন, অধ্যাপক, রেজিস্ট্রার ও পরিচালকগণসহ বিপুল সংখ্যক শিক্ষার্থী এ সময় উপস্থিত ছিলেন।



*ওয়ান স্টপ সার্ভিস উদ্বোধন করছেন উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান পাশে প্রো-উপাচার্য ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন।*

পরিদর্শন

## পরিবহন পুলে নতুন গাড়ী

বাউবি'র শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের যাতায়াতের সমস্যা লাঘবের জন্য ইতোমধ্যে সরকারী প্রতিষ্ঠান প্রগতি ইন্ডাষ্ট্রি থেকে ২০১৩ মডেলের ৫২ সীটের ০১টি বড় বাস, ১৫ সীটের ০২টি এসি টয়োটা মাইক্রোবাস, ০১টি পজেরো Sport ক্রয় করা হয়েছে। আরও ০১টি ৫২ সীটের বড় বাস ক্রয়ের জন্য প্রগতিকে কার্যাদেশ পত্র দেয়া হয়েছে। বাউবি শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের চিকিৎসার সুবিধার্থে প্রগতি থেকে ০১টি Ambulance গাড়ী ক্রয় করা হয়েছে। নতুন মডেলের গাড়ীর সংযোজনে বাউবি'র পরিবহন পুলে বর্তমানে গাড়ীর সংখ্যা দাঁড়াল ২৮ ।

## শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য বিভিন্ন নীতিমালা প্রস্তুতের প্রক্রিয়া

১৯৯২ সালে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পর প্রথম বারের মত কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য সার্ভিস নীতিমালা, গৃহ নির্মাণ ঋণ নীতিমালা, চিকিৎসা নীতিমালা, বাসা বরাদ্দকরণ নীতিমালা, অর্থ নীতিমালা প্রস্তুতের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে এসকল নীতিমালা প্রস্তুতের লক্ষ্যে একাধিক কমিটি গঠন করা হয়েছে। কমিটিগুলো একাধিকবার মিটিং করে নীতিমালা চূড়ান্তকরণের কাজ শেষ পর্যায়ে নিয়ে এসেছেন। আশা করা যাচ্ছে সকল নীতিমালা অতিশীঘ্রই বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ নীতি নির্ধারণী সভা বোর্ড অব গভর্নর্স-এ অনুমোদিত হবে। এতে বিশ্ববিদ্যালয়ে কাজের গতিশীলতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে।

## কক্সবাজার উপ-আঞ্চলিক কেন্দ্র ও সেন্টমার্টিন দ্বীপে উপাচার্য



*কক্সবাজার উপ-আঞ্চলিক কেন্দ্রের স্থায়ী ভবন নির্মাণের স্থান পরিদর্শন করছেন উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ড. এম ফজলে আলী, ও উপ-আঞ্চলিক কেন্দ্রের কর্মকর্তা ও কর্মচারীগণ।*

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের কার্যক্রম সরাসরি প্রত্যক্ষ করা এবং তৃণমূল পর্যায়ে বাউবি'র শিক্ষাকার্যক্রমের সাথে সম্পৃক্ত সমন্বয়কারীগণসহ অন্যান্যেদের সাথে মত বিনিময় করার লক্ষ্যে উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান ১ থেকে ৫ মার্চ, ২০১৪ তারিখ পর্যন্ত চট্টগ্রাম আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজার উপ-আঞ্চলিক কেন্দ্র ও সেন্টমার্টিন দ্বীপ পরিদর্শন করেন। ১ মার্চ ২০১৪ তারিখ শনিবার উপাচার্য চট্টগ্রাম আঞ্চলিক কেন্দ্রে বাউবি'র কর্মকর্তা ও সমন্বয়কারীগণের সাথে মত বিনিময় করেন। ২ মার্চ তিনি কক্সবাজার ও উপ-আঞ্চলিক কেন্দ্র পরিদর্শন করেন ও কক্সবাজারে স্থায়ী উপ-আঞ্চলিক অফিস ভবন নির্মাণের জন্য বাংলাদেশ সরকারের গণপূর্ত মন্ত্রণালয় থেকে বরাদ্দপ্রাপ্ত জমি পরিদর্শন করেন। কক্সবাজার থেকে উপাচার্য ৩ মার্চ ২০১৪ সোমবার বাউবি'র এস এস সি ও এইচ এস সি প্রোগ্রামের স্টাডি সেন্টার খোলার উদ্দেশ্যে সেন্টমার্টিন দ্বীপ পরিদর্শন করেন। কক্সবাজার ও সেন্টমার্টিন দ্বীপ পরিদর্শন কালীন উপাচার্যের সফরসঙ্গীদের মধ্যে ছিলেন বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের পরিচালক ড. এম ফজলে আলী ও চট্টগ্রাম আঞ্চলিক কেন্দ্রের পরিচালক ড. মোঃ আজিজুল হক।

## চট্টগ্রাম আঞ্চলিক কেন্দ্রে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের ৫ ফেব্রুয়ারি ২০১৪ বুধবার চট্টগ্রাম আঞ্চলিক কেন্দ্র পরিদর্শন করেন। পরিদর্শনকালীন তিনি আঞ্চলিক কেন্দ্রের আঞ্চলিক পরিচালক, কর্মকর্তা ও কর্মচারীদের সাথে মতবিনিময় সভায় মিলিত হন। মতবিনিময় সভায় চট্টগ্রাম আঞ্চলিক কেন্দ্রের পরিচালক ড. মোঃ আজিজুল হক ট্রেজারারকে স্বাগত জানান। সভায় ট্রেজারার বলেন, দেশে দক্ষ জনশক্তি গড়ে তুলতে বাউবি নতুন নতুন কর্মসূচী গ্রহণ করছে– যা অদূর ভবিষ্যতে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখবে। তিনি জোর দিয়ে বলেন, উদ্দীষ্ট জনগোষ্ঠী অচিরেই এর সুফল ভোগ করবে। মতবিনিময় সভায় অন্যান্যের মধ্যে যুগ্ম-পরিচালক বদরুল হায়দার চৌধুরী, সহকারী পরিচালক মোঃ আনিছুল করিম ও কো-অর্ডিনেটিং অফিসার মু. নজরুল ইসলাম উপস্থিত ছিলেন।

## পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ-এর পরিচালকের চাঁদপুর উপ-আঞ্চলিক কেন্দ্র পরিদর্শন

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের পরিচালক এবং তথ্য ও গণসংযোগ বিভাগের পরিচালক (অতিঃ দায়িত্ব) ড. এম ফজলে আলী ৬ ডিসেম্বর, ২০১৩ তারিখ শুক্রবার চাঁদপুর উপ-আঞ্চলিক কেন্দ্র পরিদর্শন করেন। তিনি উপ-আঞ্চলিক কেন্দ্রের স্থায়ী ভবন নির্মাণের জন্য প্রস্তাবিত কয়েকটি জমি পরিদর্শন করেন এবং উপ-আঞ্চলিক কেন্দ্রের সার্বিক কার্যক্রম প্রত্যক্ষ করেন। উপ-আঞ্চলিক কেন্দ্রের সহকারী আঞ্চলিক পরিচালক মোঃ নাসির উল্লাহ পরিদর্শনকালীন পরিচালক (পওউ) কে উপ-আঞ্চলিক কেন্দ্রের বিভিন্ন বিষয় অবহিত করেন।

## আঞ্চলিক কেন্দ্র ও উপ-আঞ্চলিক কেন্দ্র সংবাদ

### শিক্ষার মান উন্নয়নে ফরিদপুর আঞ্চলিক কেন্দ্রে মত বিনিময় সভা

আধুনিক প্রযুক্তির মাধ্যমে উন্মুক্ত ও দূরশিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে বাউবি'র ফরিদপুর আঞ্চলিক কেন্দ্রে ২৬ ডিসেম্বর, ২০১৩ উপ-আঞ্চলিক কেন্দ্রের কর্মকর্তা ও বিভিন্ন স্টাডি সেন্টারের সমন্বয়কারীগণের মধ্যে এক মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন। প্রধান অতিথি তাঁর বক্তব্যে, তথ্য প্রযুক্তির মাধ্যমে বাউবি'র শিক্ষার সম্প্রসারণ ও পরীক্ষায় নকল প্রতিরোধ করে বাউবি শিক্ষার মান উন্নয়নের উপর গুরুত্বারোপ করেন। সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সরকারী সারদাসুন্দরী মহিলা কলেজের অধ্যক্ষ অধ্যাপক হাচিনা বানু। এতে সভাপতিত্ব করেন ফরিদপুর আঞ্চলিক কেন্দ্রের আঞ্চলিক পরিচালক মোহাম্মদ ফরিদুল আলম।

### চট্টগ্রাম সেনানিবাসের সামরিক কর্মকর্তাগণের সাথে চট্টগ্রাম আঞ্চলিক কেন্দ্র-এর কর্মকর্তাগণের মত বিনিময়



*ছবিতে বাংলাদেশ সেনাবাহিনীর রিক্রুট ট্রেনিং রেজিমেন্ট এর আর্টিলারী সেন্টার, চট্টগ্রাম মিলনায়তনে ২০ জানুয়ারি, ২০১৩ সোমবার বাংলাদেশ সেনাবাহিনীর উর্দ্ধতন কর্মকর্তাগণের সাথে বাউবি'র চট্টগ্রাম আঞ্চলিক কেন্দ্রের আঞ্চলিক পরিচালক ও অন্যান্য কর্মকর্তাগণকে দেখা যাচ্ছে।*

বাংলাদেশ সেনাবাহিনীর মানব সম্পদ উন্নয়নে রিক্রুট/প্রশিক্ষণার্থী সৈনিকদের শিক্ষা সুবিধা বৃদ্ধির লক্ষ্যে ১৭ নভেম্বর, ২০১৩ ঢাকা সেনানিবাসের অফিসার্স মেস-সি তে বাংলাদেশ সেনাবাহিনীর সাথে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এক সমঝোতা চুক্তি স্বাক্ষর হয়। এ পরিপ্রেক্ষিতে চট্টগ্রাম সেনানিবাসের ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজে বাউবি'র এইচএসসি প্রোগ্রাম চালু হওয়ায় ২০ জানুয়ারি, ২০১৩ বাংলাদেশ সেনাবাহিনীর রিক্রুট ট্রেনিং রেজিমেন্ট এর আর্টিলারী সেন্টার, চট্টগ্রাম মিলনায়তনে বাংলাদেশ সেনাবাহিনীর পদস্থ কর্মকর্তাগণের সাথে চট্টগ্রাম আঞ্চলিক কেন্দ্রের কর্মকর্তাগণের প্রোগ্রামটি পরিচালনার জন্য মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ সেনানিবাহিনীর আর্টিলারী সেন্টার এর কর্ণেল আব্দুল খালেক পিএসসি'র নেতৃত্বে লেফটেন্যান্ট কর্ণেল আবুল এহসান পিএসসি, মেজর খন্দকার মুনির হোসেন, মেজর মোঃ রাকিব উদ্দিন, মেজর মোস্তাফিজ, মেজর মোঃ আমিনুর রহমান, মেজর আমিন, মেজর আরিফ সিদ্দিকী, ক্যাপ্টেন মোঃ নজরুল ইসলাম, ক্যাপ্টেন মোঃ হাসান তারেক ও লেফটেন্যান্ট সাইদুর রহমান এবং আঞ্চলিক পরিচালক ড. আজিজুল হক, সহকারী পরিচালক মোঃ আনিছুল করিম ও প্রশাসনিক কর্মকর্তা মোঃ রেজাউল করিম এ সভায় উপস্থিত ছিলেন।

### রংপুর আঞ্চলিক কেন্দ্রে পেশাজীবী শিক্ষার্থী

রংপুর আঞ্চলিক কেন্দ্রের মাধ্যমে সরকারী ও বে-সরকারী বিভিন্ন প্রতিষ্ঠানে অসংখ্য পেশাজীবি শিক্ষার্থী এসএসসি, এইচএসসি,বিএ/বিএসএস, বিএড, সিএড, বিএসসি-ইন-নার্সিং, বিএজিএড ও এমএড প্রোগ্রামে অধ্যয়ন করছেন। বিশেষত: বিএ/বিএসএস প্রোগ্রামে রংপুর অঞ্চলের বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকগণের ভর্তির হার বেশী। এছাড়া বে-সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণও বিভিন্ন প্রোগ্রামে ভর্তি হচ্ছে। এ আঞ্চলিক কেন্দ্রের অধীনে বিভিন্ন প্রোগ্রামে পুলিশ, বিজিবি ও সেনাবাহিনীর সদস্যদের ভর্তির হার উল্লেখজনকভাবে বৃদ্ধি পেয়েছে। রংপুরে কর্মরত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, নার্স, কৃষি ডিপ্লোমাসহ অনেক পেশাজীবি বিএড, এমএড, বিএজিএড ও বিএসসি-ইন-নার্সিং প্রোগ্রামে ভর্তি হয়ে পেশাগত উন্নয়নে অবদান রাখছেন। বাউবি থেকে ডিগ্রী অর্জন করে সম্প্রতি ন্যাশনাল সার্ভিসের আওতায় হাতীবান্ধা উপজেলায় উল্লেখযোগ্য সংখ্যক শিক্ষার্থী চাকুরীলাভের সুযোগ পেয়েছেন।

## মিডিয়া সংবাদ

### মিডিয়া বিভাগে বিভিন্ন স্কুলের অডিও-ভিডিও প্রোগ্রাম

উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মিডিয়া বিভাগে বিশ্ববিদ্যালয়ের ০৬টি স্কুলের বিভিন্ন কোর্সের অডিও-ভিডিও প্রোগ্রামগুলো দ্রুত সম্পন্ন করার প্রক্রিয়া গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে প্রায় ২০টি অডিও এবং ৭০টি ভিডিও প্রোগ্রাম সম্পন্ন হয়েছে যেগুলো থেকে শিক্ষার্থীরা টেলিভিশন ও রেডিও অনুষ্ঠানে পাঠ গ্রহণ করতে পারছে। এ ছাড়া স্কুলগুলো থেকে নতুন নতুন অডিও ভিডিও প্রোগ্রাম নির্মাণের জন্য প্রয়োজনীয় মডিউল মিডিয়া বিভাগে জমা হয়েছে। মিডিয়া বিভাগ অডিও ভিডিও প্রোগ্রামসমূহ দ্রুততার সাথে সম্পন্নের জন্য কাজ করে যাচ্ছে। উল্লেখ্য, উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান যোগদান করার পর মিডিয়া বিভাগের কার্যক্রমে গতিশীলতা সৃষ্টি হয়েছে। স্কুলের বিভিন্ন প্রোগ্রামের কোর্সগুলো ইতোমধ্যে YouTube-এ upload করার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হয়েছে।

### YouTube - এ বাউবি'র শিক্ষা কার্যক্রম

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের কাছে সহজে শিক্ষা উপকরণ পৌঁছে দেয়ার লক্ষ্যে YouTube- এ বাউবি'র বিভিন্ন প্রোগ্রাম upload করার ব্যবস্থা নেয়া হয়েছে। বাউবি'র Preview কমিটি কর্তৃক অনুমোদিত হওয়ার পর স্ব স্ব স্কুল থেকে অডিও-ভিডিও অনুষ্ঠান YouTube-এ upload করা হয়। ইতোমধ্যে ৭০টি প্রোগ্রাম upload করা হয়েছে। এ ব্যাপারে মিডিয়া বিভাগে দ্রুততার সাথে রাত-দিন কাজ চলছে। ১৯৯২ সালে বাউবি প্রতিষ্ঠার পর এ পর্যন্ত প্রায় ১৬০০ ভিডিও প্রোগ্রাম এবং প্রায় ১২০০টি অডিও প্রোগ্রাম নির্মাণ করা হয়েছে। উক্ত প্রোগ্রামগুলো থেকে বাছাই করে YouTube-এ upload করার জন্য প্রায় ১০০০টি প্রোগ্রাম অনুমোদন করা হয়েছে। পর্যায়ক্রমে প্রোগ্রামগুলো YouTube-এ দেখা যাবে বলে আশা করা যাচ্ছে। YouTube- এ ভিডিও প্রোগ্রাম দেখার জন্য YouTube-এর Search Option এ গিয়ে Open Bangla ও সংশ্লিষ্ট স্কুলের নাম (যেমন: SSHL) লিখে Search দিলেই কাঙ্ক্ষিত অনুষ্ঠানটি দেখা যাবে।

## মাইক্রো এসডি কার্ডে বাউবি'র শিক্ষা উপকরণ




বাংলাদেশে দশ কোটিরও বেশী মানুষ মোবাইল বা মুঠোফোন ব্যবহার করেন। ফোন সেটে মাইক্রো এসএসডি (সলিড স্টেট ড্রাইভ) সুবিধা থাকায় সহজেই অডিও ভিডিও শিক্ষা অনুষ্ঠান লোড করা সম্ভব। বাউবি'র সকল প্রোগ্রামের শিক্ষার্থীর জন্য মিডিয়া সেন্টার হতে নির্মিত অডিও/ভিডিও অনুষ্ঠান বাংলাদেশের শেষ প্রান্ত পর্যন্ত পৌঁছে দেয়া সম্ভব। এর জন্য আলাদা কোন নেটওয়ার্ক প্রয়োজন হবে না। একজন শিক্ষার্থী ভর্তির সময় সকল শিক্ষা উপকরণ এই অতি ক্ষুদ্রাকৃতির মেমোরি কার্ডের মাধ্যমে পেয়ে যাবেন এবং শিক্ষার্থীর সুবিধামত সময়ে- কর্মস্থলে, যানবাহন, ভ্রমণে, অবসরে অর্থাৎ তার সুবিধামত সময় ও স্থানে শিক্ষা গ্রহণ করতে পারবেন।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এ ধরণের শিক্ষা উপকরণ তৈরী ও বিতরণের উদ্যোগ গ্রহণ করেছে। পরীক্ষামূলকভাবে এই ডিজিটাল পদ্ধতির শিক্ষা উপকরণ প্রচলন করার উদ্যোগ দেশে বিদেশে বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক সেমিনারে প্রশংসিত হয়েছে।

## বিনোদন সংবাদ




*সাংস্কৃতিক সন্ধ্যা অনুষ্ঠানে বক্তব্য রাখছেন উপাচার্য প্রফেসর ড. এম এ মাননান। মঞ্চে অনুষ্ঠানের শিল্পী ও কলাকুশলীবৃন্দ।*

# বর্ণাঢ্য সাংস্কৃতিক সন্ধ্যা

কর্মমুখর জীবনের যান্ত্রিকতা থেকে কিছুক্ষণের জন্য মুক্ত হয়ে আনন্দঘন পরিবেশ সৃষ্টির লক্ষ্যে ২২ ফেব্রুয়ারি, ২০১৪ শনিবার বাউবি'র গাজীপুরস্থ ক্যাম্পাসে এক বর্ণাঢ্য সাংস্কৃতিক সন্ধ্যা অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিকেল ৩টা থেকে রাত ৯ টা পর্যন্ত অনুষ্ঠিত সাংস্কৃতিক সন্ধ্যার প্রারম্ভে শুভেচ্ছা বক্তব্য রাখেন উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান, প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন ও ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের। উপাচার্য তাঁর বক্তব্যে বলেন, প্রতিভা বিকাশের জন্য সাংস্কৃতিক অনুষ্ঠান অত্যন্ত প্রয়োজন। এ ধরণের অনুষ্ঠান মানুষকে এক ঘেঁয়েমি থেকে মুক্ত হয়ে মানসিক প্রশান্তি লাভের সুযোগ সৃষ্টি করে দেয়। সাংস্কৃতিক অনুষ্ঠানটি বাউবি'র শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য এক মিলনমেলায় পরিণত হয়েছে। এর মাধ্যমে বাউবি পরিবারের সদস্যবৃন্দ একে অপরকে আরো নিবিড়ভাবে জানার সুযোগ পাবে এবং এতে বাউবি'র কর্মচাঞ্চল্য আরও বহুগুণে বৃদ্ধি পায়। সাংস্কৃতিক অনুষ্ঠান উপলক্ষে বাউবি গাজীপুর ক্যাম্পাসে আলোকসজ্জা সহ-বর্ণিল সাজে সজ্জিত করা হয়। অনুষ্ঠানে আবহমান গ্রাম বাংলার শীতের পিঠাসহ নৈশভোজের আয়োজন করা হয়। 'সক্রেটিসের জবানবন্দি' নাটক মঞ্চস্থের মধ্য দিয়ে সাংস্কৃতিক সন্ধ্যা অনুষ্ঠানের সমাপ্তি ঘটে। এতে প্রকাশনা, মুদ্রণ ও বিতরণ বিভাগের যুগ্ম পরিচালক মোহাম্মদ আলীর সক্রেটিসের ভূমিকায় অনবদ্য অভিনয় সকলকে মোহিত করে।

## বিবিধ সংবাদ




*অমর একুশে উপলক্ষে আলোচনা সভায় বক্তব্য রাখছেন প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন, মঞ্চে উপবিষ্ট বা দিক থেকে শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোহসিন উদ্দীন, ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের, এসএসএইচএল-এর ডিন অধ্যাপক ড. মমতাজউদ্দীন পাটোয়ারী ও শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. মোঃ তৌহিদুল ইসলাম।*

### অমর একুশে উপলক্ষে আলোচনা সভা

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৪ উপলক্ষে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) এর গাজীপুর ক্যাম্পাসের কনফারেন্স হলে ২৫ ফেব্রুয়ারি, ২০১৪ তারিখে বেলা ১১ টায় এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। শিক্ষক সমিতি কর্তৃক আয়োজিত এ আলোচনা সভায় ভাষা শহীদের প্রতি বিনম্র শ্রদ্ধা জানানো হয়। অনুষ্ঠানে সম্মানীত অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের উপস্থিত ছিলেন। ভাষা আন্দোলন, মাতৃভাষা দিবস ও আজকের প্রেক্ষিত বিষয়ে অনুষ্ঠানে আলোচনা করেন প্রো-উপাচার্য, অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন ও সামাজিক বিজ্ঞান মানবিক ও ভাষা স্কুল এর ডিন অধ্যাপক ড. মমতাজ উদ্দীন পাটোয়ারী।

## সংবাদ মাধ্যমে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

### বাউবি এখন আই সি টি বিশ্ববিদ্যালয়

দৈনিক সংবাদ পত্রিকায় ১৮-০১-২০১৪ তারিখ প্রকাশিত

জীবনভর শিক্ষার দ্বার উন্মুক্ত করে শিক্ষাকে গণমুখি ও জীবন ঘনিষ্ট করার মধ্য দিয়ে এ দেশের প্রত্যন্ত অঞ্চলে সাধারণ মানুষের দোরগোড়ায় শিক্ষার সুযোগ পৌঁছে দেয়ার লক্ষ্যে ১৯৯২ সালের ২০ অক্টোবর বাংলাদেশের মহান জাতীয় সংসদে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার বিল পাস করা হয়। মুলতঃ বহুমুখি শিক্ষা প্রযুক্তি যেমন বই, ম্যাপ-চার্ট, ক্যাসেট, অডিও ভিডিও সামগ্রী প্রজেক্টর ইত্যাদি প্রযুক্তিকে ব্যবহার করে জ্ঞান-বিজ্ঞানের সৃজন, চর্চা ও বিকাশের মাধ্যমে একটি সুশিক্ষিত ও আত্মনির্ভরশীল জাতি গড়ে তোলার লক্ষ্য ও উদ্দেশ্য নিয়েই ১৯৯২ সালে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের পথ চলা শুরু হয়েছিল। ইতোমধ্যে প্রায় ২২টি বছর পেরিয়ে গেছে। এরই মধ্যে বিশ্ববিদ্যালয়ের আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক ২৭ টি প্রোগ্রাম চালু করা হয়েছে। গাজীপুরে ৩৫ একর বিশাল ক্যাম্পাস ছাড়াও টেকনাফ থেকে তেঁতুলিয়া সুন্দরবন থেকে সুনামগঞ্জ পর্যন্ত এই বিস্তীর্ণ সীমারেখায় বাউবি'র ১২ টি আঞ্চলিক কেন্দ্র, ৮০টি উপ-আঞ্চলিক কেন্দ্র অফিস সহ প্রায় ১৩৮১টি স্টাডি সেন্টার চালু রয়েছে। দেশের সর্বাধিক শিক্ষার্থী সম্বলিত একমাত্র দূর শিক্ষনের বিশ্ববিদ্যালয় হিসেবে খ্যাত বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) ডিজিটালাইজেশন পদ্ধতিকে গুরুত্ব দিয়ে বিশ্ববিদ্যালয়কে আইসিটি নির্ভর বিশ্ববিদ্যালয়ে পরিণত করে দূরশিক্ষা ব্যবস্থাকে ডিজিটালাইজ করার এক সুবিশাল পরিকল্পনা হাতে নিয়েছে। আইসিটি অর্থাৎ ইনফরমেশন কমিউনিকেশন টেকনোলজি সুবিধার আওতায় তথ্য প্রযুক্তির জ্ঞান ব্যবহার করে একটি আইসিটি নির্ভর বিশ্ববিদ্যালয় গড়ে তোলার প্রক্রিয়া ইতোমধ্যে শুরু হয়েছে।

তথ্য প্রযুক্তির এই বিশাল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে বাউবিকে আর্থিক ও কারিগরি সহযোগিতা প্রদান করছে কোরিয়া রিপাবলিকের কোরিয়ান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (কোয়েকা)। কোয়েকার সহযোগিতায় বাউবিতে দূর শিক্ষণে আধুনিক তথ্য-প্রযুক্তির ই-লার্নিং সেন্টার চালু করা হয়েছে। ই-লার্নিং মূলতঃ আই সি টির অন্তর্ভূক্ত একটি পদ্ধতি যা থেকে শিক্ষার্থী খুব সহজে আইসিটি সুবিধাকে কাজে লাগিয়ে তার কাংঙ্খিত পাঠ গ্রহণ করতে পারবে। আইসিটি প্রকল্পের আওতায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়কে কোয়েকা ইন্টার অ্যাকটিভ ভার্চুয়াল ক্লাসরুম (আইভিসিআর) ও লার্ণিং ম্যানেজমেন্ট সিস্টেম (এল এম এস) বাস্তবায়নে ২১ কোটি ৬০ লাখ টাকা অনুদান দেবে। এ প্রকল্পটি বাস্তবায়নে বাউবি নিজস্ব উৎস হতে ৬ কোটি ১৯ লাখ টাকা ব্যয় করবে। আপাততঃ বাউবি'র গাজীপুর মূল ক্যাম্পাসে এবং ঢাকা ও ময়মনসিংহ আঞ্চলিক কেন্দ্রে তিনটি আই সি টি ল্যাব স্থাপনের মাধ্যমে তথ্য প্রযুক্তির এই ডিজিটাল শিক্ষা ব্যবস্থার ই-লার্ণিং কার্যক্রম গড়ে তোলা হবে, যা বাউবি'র একাডেমিক প্রোগ্রাম মাঠ পর্যায়ে সম্প্রসারণ ও শিক্ষার্থীদের নিকট সহজলভ্য করার লক্ষ্যে সক্রিয়ভাবে কাজ করবে ।

বাউবি'র উপাচার্য কার্যালয়ের সরাসরি তত্ত্বাবধানে আই সি টি প্রকল্পের এই কার্যক্রম পরিচালিত হবে। বাউবি'র বর্তমান উপাচার্য দেশ বরেণ্য শিক্ষাবিদ ও বিশিষ্ট ব্যবস্থাপনাবিদ প্রফেসর ড, এম এ মাননান দূরশিক্ষনের এই বিশ্ববিদ্যালয়টিকে আধুনিক তথ্য প্রযুক্তি নির্ভর আই সি টি বিশ্ববিদ্যালয়ে রুপান্তরিত করার নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। ইতোমধ্যে তাঁর গতিশীল নেতৃত্বে বিশ্ববিদ্যালয়কে আই সি টি নির্ভর দূরশিক্ষন প্রতিষ্ঠানে রুপান্তরিত করার লক্ষ্যে বেশ কিছু যুগান্তরকারী পদক্ষেপ গ্রহন করা হয়েছে। এরই ধারাবাহিকতায় বাউবি'র শিক্ষকগনকে তথ্য প্রযুক্তির আধুনিক প্রশিক্ষন দেওয়া হয়েছে যার মধ্য দিয়ে আই সি টি প্রকল্পকে সফল করে তোলার সকল প্রচেষ্টা সম্পন্ন হয়েছে। এ ছাড়াও বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিভাগের ০৭ জন প্রোগ্রামারকে এই প্রকল্পের অধীনে ন্যস্ত করা হয়েছে এবং বিশ্ববিদ্যালয়ের ডিন, পরিচালক ও আঞ্চলিক পরিচালকগনকে ল্যাপটপ প্রদান করা হয়েছে। আই সি টি কার্যক্রমের সাথে বাউবি'র কর্মকর্তাগনকে সম্পৃক্ত করার প্রয়াসে সকল কর্মকর্তাকে কম্পিউটার ব্যবহারে উৎসাহিত করা হচ্ছে। এগুলো ছাড়াও মোবাইল ফোনের মেমোরী কার্ডে বাউবি'র শিক্ষামূলক অনুষ্ঠান রেকর্ড করে তা শিক্ষার্থীদের কাছে প্রেরণ করার ব্যবস্থা নেয়া হচ্ছে। এর ফলে শিক্ষার্থীরা সহজেই যে কোন স্থানে বসে সুবিধামত সময়ে শিক্ষামূলক অনুষ্ঠান দেখা ও শোনার সুযোগ পাবে। মেমোরী কার্ডের পাশাপাশি ইউটিউব এবং ওয়েব সাইটেও বাউবি'র শিক্ষা প্রোগ্রাম যাতে শিক্ষার্থীরা দেখতে পারে সে ব্যাপারে প্রযুক্তিগত বিভিন্ন সুবিধা প্রচলন করার বিষয়ে বর্তমান উপাচার্য সর্বাত্বক চেষ্টা চালিয়ে যাচ্ছেন।


আশা করা যাচ্ছে তথ্য প্রযুক্তির এসকল জ্ঞান ব্যবহার করে বাউবিকে একটি আই সি টি নির্ভর বিশ্ববিদ্যালয়ে পরিণত করা হবে। যা এদেশের গণ-মানুষের কাংঙ্খিত স্বপ্ন পূরণে যুগান্তকারী অবদান রাখবে।

### বাউবি পরিবার ও শুভানুধ্যায়ীদের উপাচার্য ও প্রো-উপাচার্যের ইংরেজি নববর্ষের শুভেচ্ছা

*পুরাতন জরাজীর্ণতাকে মুছে ফেলে উৎসাহ আর উদ্দীপনায় আগামী দিনগুলো সুখী ও সমৃদ্ধ হোক-এই-আশাবাদ ব্যক্ত করে বাউবি'র উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান ও প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন খ্রীঃ ২০১৪ সালে বিশ্ববিদ্যালয় পরিবারের সকলকে ও শুভানুধ্যায়ীদের ইংরেজি নববর্ষের শুভেচ্ছা জ্ঞাপন করেছেন। এ উপলক্ষে তথ্য ও গণসংযোগ বিভাগ উপাচার্য ও প্রো-উপাচার্য মহোদয়ের যৌথ স্বাক্ষরে শুভেচ্ছা কার্ড সকলকে পৌঁছে দেয়।*

## গণমাধ্যমে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়






**বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে শিক্ষা প্রদানে ব্যবহৃত আধুনিক প্রযুক্তি ও মাধ্যম**



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাস



ঢাকা আঞ্চলিক কেন্দ্র, বাউবি



চট্টগ্রাম আঞ্চলিক কেন্দ্র, বাউবি



বগুড়া আঞ্চলিক কেন্দ্র, বাউবি

**প্রচ্ছদ পরিচিতি** : বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় গাজীপুর ক্যাম্পাসে নির্মিতব্য মূল ফটকের ডিজাইন, মহান মুক্তিযুদ্ধের স্মারক ভাস্কর্য 'স্বাধীনতা চিরন্তন'।

**প্রধান উপদেষ্টা** : প্রফেসর ড. এম এ মাননান, উপাচার্য, বাউবি, **উপদেষ্টা** : প্রফেসর ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন, প্রো-উপাচার্য, বাউবি, প্রফেসর ড. মোঃ আবু তাহের, ট্রেজারার, বাউবি, **উপদেষ্টা সম্পাদক** : ড. এম. ফজলে আলী, **সম্পাদক** : মোঃ আবুল কাসেম শিকদার, **সম্পাদনা সহযোগী** : মোঃ কামারুজ্জামান, **প্রদায়ক**: মোঃ মশিহুর রহমান চৌধুরী, **গ্রাফিক ডিজাইন** : মোঃ মনিরুল ইসলাম, **কম্পোজ ও কম্পিউটার গ্রাফিক্স** : আবদুল মালেক, ছবি: মোঃ হারুন-অর-রশিদ।

প্রকাশকাল : মার্চ, ২০১৪; প্রকাশক : প্রকাশনা, মুদ্রণ ও বিতরণ বিভাগ; প্রাক-মুদ্রণ কার্যক্রম: ভিটিপি পুল, পিপিডি বিভাগ, বাউবি; ব্যবস্থাপনায় : তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি; ফোন: ৯২৯১১১৯

http://www.bou.edu.bd http://www.facebook.com/bdopenuniversity http://www.twitter.com/bouedu http://www.youtube.com/user/bdopenuniversity

মুদ্রণ : বর্ষা প্রাইভেট লিমিটেড, ঢাকা। ০১৭১৬০৮৯২৭৬